# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 05, 1433 Bangla, August 20, 2026, Thursday, No. 226, 56th year

# H I G H L I G H T S

Voting to the country's 23rd presidential election will be held today, while the newly elected president will take oath at Bangabhaban on Friday evening. [BBC: 12]

Information and Broadcasting Minister has said halal food culture and values can become a great asset and strength not only for Muslim world but also for the entire human civilisation. [R. Today: 22]

Prime Minister of the State of Qatar Sheikh Mohammed bin Abdulrahman Al-Thani has assured that Qatar will extend all possible support to Bangladesh in ensuring energy security. [Jago FM: 21]

At least nine people including women and children have been killed in a hotel fire on Mirza Ghalib Street in Kolkata; five of the deceased are Bangladeshi nationals. [BBC: 03]

State Minister for Foreign Affairs has informed that bodies of Bangladeshi nationals killed in the hotel fire in Kolkata will be brought back home soon. [BBC: 12]

Government has decided to purchase 14 cargoes of liquefied natural gas directly from seven companies without inviting open tenders to maintain normal gas supplies in country. [R. Today: 24]

Bangladesh Securities and Exchange Commission has sent 17 officials into forced retirement for violating service rules. [Jago FM: 17]

Four more children have died across country with suspected measles. [Jago FM: 16]

United Arab Emirates has announced that it will suspend all forms of trade and financial transactions with Iran until further notice. [BBC: 13]

United States has issued a rare rebuke of Israel after reports emerged it struck a Syrian military airbase near Turkish border, calling the attack an "unnecessary escalation." [BBC: 28]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ভাদ্র ০৫, বাংলা ১৪৩৩, আগস্ট ২০, ২০২৬, বৃহস্পতিবার, নং- ২২৬, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশের ২৩-তম রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ আজ - শুক্রবার বঙ্গভবনে নতুন রাষ্ট্রপতি শপথ নেবেন। [বিবিসি: ১২]

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন, হালাল খাদ্যসংস্কৃতি ও মূল্যবোধ শুধু মুসলিম বিশ্বের জন্য নয়, সমগ্র মানবসভ্যতার জন্যও একটি বড় সম্পদ ও শক্তিতে পরিণত হতে পারে। [রে. টুডে: ২২]

বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুর রহমান বিন জসিম আল থানি। [জাগো এফএম: ২১]

কোলকাতার মির্জা গালিব স্ট্রিটে হোটেলে আগুন লেগে নারী ও শিশুসহ অন্তত ৯ জনের মৃত্যু, নিহতদের মধ্যে পাঁচজন বাংলাদেশি । [বিবিসি: ০৩]

কোলকাতায় অগ্নিকাণ্ডে নিহত বাংলাদেশিদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে - জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। [বিবিসি: ১২]

দেশে গ্যাসের সরবরাহ স্বাভাবিক রাখতে উন্মুক্ত দরপত্র ছাড়াই ১৪ কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [রে. টুডে: ২৪]

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চাকরি বিধি লঙ্ঘনের দায়ে ১৭ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। [জাগো এফএম: ১৭]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও চার শিশুর মৃত্যু। [জাগো এফএম: ১৬]

সংযুক্ত আরব আমিরাত বলেছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তারা ইরানের সঙ্গে সব ধরনের বাণিজ্য এবং আর্থিক লেনদেন স্থগিত রাখবে। [বিবিসি: ১৩]

তুরস্ক সীমান্তের কাছে সিরিয়ার একটি বিমানঘাঁটিতে ইসরায়েলের বিমান হামলার পর এর বিরল নিন্দা জানিয়েছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন এ ধরনের হামলাকে `অপ্রয়োজনীয় উত্তেজনা, আখ্যা দিয়েছে। [বিবিসি: ২৮]

# বিবিসি

## কলকাতায় হোটেলে আগুন লেগে বাংলাদেশিসহ ৯ জনের মৃত্যু

কলকাতার মির্জা গালিব স্ট্রিটে হোটেলে আগুন লেগে নারী ও শিশুসহ অন্তত ৯ জন মারা গেছেন বলে পুলিশ জানিয়েছে, যাদের বেশিরভাগ বাংলাদেশি বলে ভারতীয় গণমাধ্যম জানিয়েছে। ওই ঘটনায় আরো অনেকে আহত হয়েছে বলে পুলিশ জানিয়েছে। কলকাতায় বাংলাদেশ মিশনের কর্মকর্তারা জানিয়েছেন, নিহতদের মধ্যে অন্তত আটজন বাংলাদেশি বলে তারা জানতে পেরেছেন, যদিও পুরোপুরি নিশ্চিত হওয়ার জন্য অপেক্ষা করছেন। যদিও প্রাথমিকভাবে হোটেল মালিক সমিতি জানিয়েছিল, নিহতদের সবাই বাংলাদেশি। কলকাতা পুলিশ জানিয়েছে, কলকাতার নিউমার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটে শিখা ইন হোটেলে রাত ২টার দিকে আগুন লাগে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির খবর অনুযায়ী, হোটেলের চারতলায় আগুনের সূত্রপাত হয়ে থাকতে পারে। ওই খবরে বলা হচ্ছে, এয়ার কন্ডিশনিং বিস্ফোরণের কারণে আগুনের শুরু হয়ে থাকতে পারে, তবে কারণ সম্পর্কে এখনো নিশ্চিত হওয়া যায়নি বলে প্রকাশ করা হয় খবরে। খবরে উঠে আসে যে, রাতে আগুনের খবর পেয়ে শুরুতে কয়েকজন দমকল কর্মী উদ্ধারকাজে আসেন, এরপর একটি স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা দলও তাদের সাথে উদ্ধারকাজে যোগ দেয়। কলকাতা পুলিশ একটি বিবৃতিতে জানিয়েছে, আগুনের খবর পাওয়ার পর হোটেল প্রাঙ্গণ থেকে ৬০ জনকে উদ্ধার করা হয়। তাদের মধ্যে নয়জন অচেতন অবস্থায় ছিলেন, যাদের মধ্যে দুইজন নারী ও একটি শিশু রয়েছে। হাসপাতালে নেওয়ার পর চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন। সংবাদ সংস্থা এশিয়ান নিউজ ইন্টারন্যাশনাল বা এএনআই ফায়ার সার্ভিস বিভাগের বরাত দিয়ে খবর প্রকাশ করেছে যে, মারা যাওয়া সবাই বাংলাদেশি, যারা চিকিৎসার জন্য কলকাতা গিয়েছিলেন। সংবাদ সংস্থা প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া, পিটিআইকে দেওয়া সাক্ষাৎকারে একজন পুলিশ কর্মকর্তা বলেন, "ঘন ধোঁয়ার কারণে শুরুতে দমকল কর্মীরা ভেতরে যেতে পারছিল না।„ নাম প্রকাশ না করে পিটিআইকে দেওয়া ওই বক্তব্যে পুলিশ কর্মকর্তা মৃতের সংখ্যা বাড়তে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেন। এই অগ্নিকাণ্ডের ঘটনার দু-দিন আগেই পশ্চিমবঙ্গের বীরভূমে এক হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ওই আগুনে অন্তত নয়জনের মৃত্যু হয়েছে, যাদের মধ্যে একই পরিবারের পাঁচজন মারা গিয়েছিলেন। এর আগে, ২০২৫ সালের এপ্রিল মাসে কলকাতার বড়বাজার এলাকায় একটি আগুনে ১৪ জনের মৃত্যু হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## কলকাতায় আগুনে নিহতদের মধ্যে পাঁচজন বাংলাদেশির পরিচয় প্রকাশ

কলকাতার মির্জা গালিব স্ট্রিটে হোটেলে আগুনে নিহতদের মধ্যে পাঁচজন বাংলাদেশির পরিচয় এখন পর্যন্ত শনাক্ত করেছে কলকাতা পুলিশ। পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে, নিহতদের মধ্যে শর্ণশিষ দত্ত, আফসানা শিম্মিন, দেবাশিস দত্ত এবং মো. আকরাম আলী বাংলাদেশের কুষ্টিয়া জেলার বাসিন্দা। আর আহমেদ বাবু নামে পঞ্চম যে ব্যক্তিকে শনাক্ত করা গেছে, তার ঠিকানা সাভারের আমিনবাজার। পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, নিহতদের মধ্যে তিন বছরের শিশু শর্ণশিষ দত্ত এবং তার বাবা দেবাশিস দত্ত কুষ্টিয়ার আরুয়াপাড়া, মোহিনী মিল এলাকার বাসিন্দা। এই ঘটনায় নিহত বাকিদের পরিচয় শনাক্ত করার চেষ্টা চলছে বলেও জানিয়েছে কলকাতা পুলিশ। এদিকে, কলকাতায় নিযুক্ত বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার মুহাম্মদ খালেদ বুধবার বিকেলে বিবিসি বাংলাকে জানান, নিহতদের মধ্যে অন্তত পাঁচজন যে বাংলাদেশি নাগরিক, তাদের পরিচয় শনাক্ত করে সেই তথ্য পুলিশ ও এফআরআরও সূত্রে উপদূতাবাসকে জানানো হয়েছে। ফরেনার্স রিজিওনাল রেজিস্ট্রেশন অফিস বা এফআরআরও হলো স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যে বিভাগ ভারতে আসা বিদেশি নাগরিকদের সব ডেটা ও গতিবিধির রেকর্ড রাখে।
(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## কলকাতায় আগুনে নিহতদের চারজন একই পরিবারের

কলকাতার মির্জা গালিব স্ট্রিটে হোটেলে আগুন লেগে নারী ও শিশুসহ যে নয়জনের মৃত্যু হয়েছে তাদের চারজন একই পরিবারের সদস্য। বুধবার দুপুরে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে স্থানীয় পুলিশের বরাত দিয়ে কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশন জানিয়েছে যে, নিহতদের মধ্যে পাঁচ জন বাংলাদেশি বলে চিহ্নিত করা গেছে, যার মধ্যে চারজন একই পরিবারের সদস্য। নিহতদের পরিবারের সঙ্গে উপ-হাইকমিশনের কর্মকর্তারা যোগাযোগ করেছেন বলেও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই ঘটনায় আহত ছয়জন বাংলাদেশি নাগরিককে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে বলেও জানানো হয়েছে। বাংলাদেশ উপ-হাইকমিশনের কর্মকর্তারা কলকাতার স্থানীয় হাসপাতাল এবং পুলিশের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়। এছাড়া এই ঘটনায় উপ-হাইকমিশনের পক্ষ থেকে একটি সার্বক্ষণিক হেল্প লাইন চালু করা হয়েছে বলেও জানানো হয়েছে। কলকাতা পুলিশ জানিয়েছে যে, কলকাতার নিউমার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটে শিখা ইন হোটেলে রাত ২টার দিকে আগুন লাগে।
(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচন ও গেজেট প্রকাশ নিয়ে যা জানালেন প্রধান নির্বাচন কমিশনার

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি কে হচ্ছেন সেটি জানা যাবে আগামীকাল বৃহস্পতিবার। একাধিক প্রার্থী থাকায় এবার নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচিত করা হবে। বুধবার দুপুরে নির্বাচনের একদিন আগে, পুরো প্রক্রিয়া নিয়ে গণমাধ্যমের সঙ্গে কথা বললেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। তিনি জানান, ১৯৯১ সালের রাষ্ট্রপতি নির্বাচন আইন এবং বিধিমালা অনুযায়ীই রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। যেখানে প্রধান নির্বাচনি কর্মকর্তার দায়িত্ব পালন করবেন প্রধান নির্বাচন কমিশনার বা সিইসি। ”আইন অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনে জন্য সংসদ অধিবেশন থাকলে এক ব্যবস্থা, আর অধিবেশন না থাকলে ভিন্ন ব্যবস্থা রাখা হয়েছে। এখন আমাদের পার্লামেন্ট সেশনে নাই, সেশন যে ডাকতেই হবে এমন নয়। শুধু নির্বাচনের জন্য একটা বৈঠক আহ্বান করলেই চলে এবং সেটা আইনের মধ্যে দেওয়া আছে,„ বলেন তিনি। সিইসি বলেন, দুপুর ২টা থেকে ৫টা পর্যন্ত সংসদ সদস্যরা ভোট দেবেন। এরপর সেখানেই গণনা শেষে চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন প্রধান নির্বাচনি কর্মকর্তা। ”ভোটের পরপরই কাউন্টিং করে ওখানেই আমরা ফলাফল ঘোষণা করে দেব, পরে আমরা এখানে আইসা হয়তে ওইদিনই গেজেট করে দেব, আমাদের প্ল্যান ওইটাই,„ গণমাধ্যমকে জানান তিনি। রাষ্ট্রপতি নির্বাচনের দিন প্রচারণা চালানো যাবে কি না, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে সিইসি বলন, ”বাইরে যদি ওনারা প্রচারণা চালান, আইনে তো কোনো নিষেধ নাই, কিন্তু ভোটের দিন হাউজের মধ্যে কোনো প্রচার-প্রচারণা করতে পারবে না।„ (বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## ১২ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তি পাচ্ছেন দীপু মনি

স্বামীর মৃত্যুতে ১২ ঘণ্টার জন্য কারাগার থেকে মুক্তি পাচ্ছেন সাবেক আওয়ামী লীগ সরকারের মন্ত্রী ও সংসদ সদস্য ডা. দীপু মনি। বুধবার দুপুরে মুন্সীগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. রেজাউল করিম বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ডা. দীপু মনির মেয়ের আবেদনের প্রেক্ষিতে বৃহস্পতিবার সকাল ছয়টা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত ১২ ঘণ্টার জন্য তাকে প্যারোলে মুক্তি দেওয়া হয়েছে। ”জেলা ম্যাজিস্ট্রেটের ক্ষমতা আছে যে, উনি দিনের আলোতে সর্বোচ্চ বারো ঘণ্টার জন্য মুক্তি দিতে পারেন। এর বেশি হলে সরকারের অনুমোদনের প্রয়োজন হয়,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। দীপু মনির মেয়ের আবেদনের পর আইনি বিষয়গুলো নিয়ে তার সঙ্গে আলোচনা করেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও জানান মুন্সীগঞ্জ জেলা প্রশাসনের এই কর্মকর্তা। মঙ্গলবার রাতে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান, সাবেক মন্ত্রী ডা. দীপু মনির স্বামী ব্যারিস্টার তৌফিক নেওয়াজ।
(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## টেস্টে ফেল করলে কি এসএসসি পরীক্ষায় বাধা দিতে পারে স্কুল?

চলতি বছরের এসএসসি পরীক্ষায় নরসিংদীর একটি স্কুল থেকে অংশ নেওয়া ৩৮২ জন পরীক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়েছে। ওই স্কুলে দশম শ্রেণির শিক্ষার্থী ছিল ৪৮৫ জন। এর মধ্যে টেস্ট বা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ ১০৩ জনকে এসএসসি পরীক্ষায় অংশ নিতে দেওয়া হয়নি। বাকি ৩৮২ জন পরীক্ষা দিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। এই নিয়ে আলোচনা শুরু হওয়ার পর সেখানে নিয়ম বর্হির্ভূত কৌশল নেওয়া হয়েছে কিনা, সেটা জানতে স্কুলটির কাছে ব্যাখ্যা চেয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। কিন্তু টেস্ট পরীক্ষায় ফেল করার কারণে কোনো শিক্ষার্থীকে এসএসসি পরীক্ষায় অংশ নিতে না দেওয়ার সুযোগ কি একটি স্কুলের রয়েছে? এ বিষয়ে শিক্ষা বোর্ডের নিয়ম কী?

### ১৫ বছর ধরে পাশের হার শতভাগ এই স্কুলে

যে স্কুলটিকে নিয়ে এই আলোচনার শুরু, সেটি হলো নরসিংদীর নাছিমা কাদির মোল্লা হাইস্কুল অ্যান্ড হোমস। ২০০৮ সালে স্কুলটি প্রতিষ্ঠিত হয়। ২০১২ সাল থেকে টানা ১৫ বছর এসএসসি পরীক্ষায় প্রতিষ্ঠানটির পাসের হার শতভাগ। এর মধ্যে ২০১৫, ২০১৭, ২০২২ ও ২০২৫ সালে মাধ্যমিক পরীক্ষায় অংশ নেওয়া সব শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল। চলতি বছরও সেই ধারা অব্যাহত রয়েছে স্কুলটিতে। এবার স্কুলটি থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেওয়া ৩৮২ জনের সবাই জিপিএ-৫ পেয়েছে। ওই ১৫ বছরে স্কুলটি থেকে মাধ্যমিকে ট্যালেন্টপুল ও সাধারণে বৃত্তিও পেয়েছে ১৫৩ জন। স্কুলটির প্রকাশিত ফলাফলের তালিকায় ২০১৫ সালে ঢাকা শিক্ষা বোর্ডে দশম এবং পরবর্তী বিভিন্ন বছরে প্রতিষ্ঠানটিকে 'দেশসেরা' হিসেবেও উল্লেখ করা হয়েছে।

### তারপরও স্কুলটি নিয়ে অভিযোগ কেন

গত ১০ আগস্ট মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফল প্রকাশের পর নাছিমা কাদির মোল্লা হাইস্কুল অ্যান্ড হোমস থেকে এবারও শতভাগ পাশ ও জিপিএ-ফাইভ পাওয়ার বিষয়টি নিয়ে বিভিন্ন গণমাধ্যমে খবর হয়, সামাজিক যোগাযোগমাধ্যমেও আলোচনা হয়। অনেকেই অভিযোগ করেন, জিপিএ-৫ পাওয়ার হার বাড়ানোর জন্য ও রেকর্ড ধরে রাখার জন্য এই স্কুলে অনেক শিক্ষার্থীকে মাধ্যমিক পরীক্ষাতে বসতেই দেওয়া হয় না। বিষয়টি ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের নজরে এলে তারা ঘটনার সার্বিক সত্যতা যাচাই এবং প্রতিষ্ঠানটির বক্তব্য জানতে স্কুলকে গত ১৬ আগস্ট একটি নোটিশ দেয়। বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ড. মো. মাসুদ রানা খান স্বাক্ষরিত সেই আদেশে বলা হয়, চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় ”শতভাগ জিপিএ-৫ অর্জনের জন্য নিয়মবহির্ভূত কৌশল

অবলম্বনের অভিযোগ„ উঠেছে নাসিমা কাদির মোল্লা হাইস্কুল অ্যান্ড হোমসের বিরুদ্ধে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানটিতে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য, নবম শ্রেণিতে নিবন্ধিত শিক্ষার্থীর তথ্য, এসএসসির নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর তথ্য এবং এসএসসি পরীক্ষায় ফরমপূরণকৃত শিক্ষার্থীর তথ্যসহ প্রয়োজনীয় নথিপত্র সশরীরে উপস্থিত হয়ে আগামী সাত কর্মদিবসের মধ্যে উত্থাপিত অভিযোগের কারণ ব্যাখ্যার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এ নিয়ে স্কুলের প্রধান শিক্ষক মো. ইমন আহমেদের সাথে মঙ্গলবার সারাদিন মুঠোফোনে যোগাযোগ করার চেষ্টা করেছে বিবিসি বাংলা। কিন্তু তিনি কোনো সাড়া দেননি। আর স্কুলের সহকারী প্রধান শিক্ষক মোহাম্মদ কামাল হোসেনের সাথে যোগাযোগ করা গেলেও তিনি জানিয়েছেন, স্কুলের বিরুদ্ধে যে অভিযোগ এসেছে, তার জবাব স্কুল প্রমাণসহ দিবে। এর চেয়ে বেশি কিছু জানার থাকলে প্রধান শিক্ষকের সাথে কথা বলার পরামর্শ দেন তিনি। তবে প্রধান শিক্ষক স্থানীয় ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টারকে গতকাল বলেছেন, ”শোকজের বিষয়ে আমরা অবগত আছি। আমাদের ৪৮৫ জন শিক্ষার্থীর মধ্যে ১০৩ জন টেস্ট পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়ায় তাদের বাদ দিয়ে ৩৮২ জন শিক্ষার্থীকে চূড়ান্ত পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হয়। তারা সবাই জিপিএ-৫ পেয়েছে। এ নিয়ে একটি মহল অপপ্রচার চালাচ্ছে। আমাদের সব কাজের স্বচ্ছতা রয়েছে। আমরা নির্ধারিত সময়ের মধ্যেই বোর্ডকে জবাব দেব।„

**যা বলছেন স্কুলের প্রাক্তন শিক্ষার্থীরা**

ওই স্কুলের কয়েকজন প্রাক্তন শিক্ষার্থীর সাথে কথা বলেছে বিবিসি বাংলা। বিভিন্ন কারণে তারা তাদের নাম প্রকাশ করতে রাজি হননি। এদের মাঝে একজন অভিযোগ করেন, এ বছর তার ওই স্কুল থেকে এসএসসি পরীক্ষা দেওয়ার কথা ছিল। কিন্তু স্কুলের টেস্ট পরীক্ষায় দুই নম্বরের জন্য পদার্থবিজ্ঞানে তিনি উত্তীর্ণ হতে পারেননি। তাই, তিনি ওই স্কুল থেকে বের হয়ে অন্য স্কুল থেকে পরীক্ষা দেন। অন্য স্কুল থেকে পরীক্ষা দিয়ে তিনি ও তার সহপাঠীদের অনেকেই জিপিএ-৫ পেয়েছেন বলে দাবি তার। তাহলে স্কুলের পরীক্ষায় কেন তিনি উত্তীর্ণ হতে পারেননি জানতে চাইলে তিনি বলেন, ”টেস্ট পরীক্ষায় বোর্ড স্ট্যান্ডার্ড প্রশ্ন করা হয় না। এরা ক্লাস ওয়ান থেকে টেন পর্যন্ত পড়ায়। এরপর যখনই মনে হয় যে, একে দিয়ে আমরা এ+ পাবো না, তখন অকৃতকার্য দেখায় এবং অভিভাবকদের বলে, আপনার মেয়েকে আরও এক বছর স্কুলে রাখেন, আমরা এ বছর ফরম পূরণ করতে দেব না। এগুলো বলে শিক্ষার্থীদেরকে আটকে দেয়।„ টেস্ট পরীক্ষার খাতা তারা পুনরায় দেখেছিলেন কিনা জানতে চাইলে হ্যাঁ সূচক উত্তর দিয়ে তিনি বলেন, ”আমরা দেখলাম যে, দুই-তিন মার্ক কম পেয়ে ফেল আসছে আমাদের। তখন আমরা বললাম, এই খাতা তো বোর্ডে দেখলে দুই তিন নাম্বার দিতো।„ ”তখন তারা বলছে, আমরা বোর্ডের মতো খাতা দেখি না। দুই-একজন পায়েও ধরছে যে পরীক্ষা দিতে দেন। কিন্তু স্যার বলছে, তোমরা তো এ+ পাবা না, তোমাদেরকে পাশ করায়ে দিয়ে কী করবো। ওদের নিয়ম হলো, যতজন পরীক্ষা দেওয়াবে, ততজনকেই এ+ পেতে হবে।„ এই শিক্ষার্থী আরও জানান যে, গত নভেম্বরে হওয়া স্কুলের টেস্ট পরীক্ষায় অকৃতকার্য হওয়ার পর তারা চলতি বছর জানুয়ারিতে জেলা প্রশাসকের কাছে অভিযোগ করেছিলেন। অভিযোগের পরদিন জেলা প্রশাসন থেকে জানানো হয় যে, অকৃতকার্য শিক্ষার্থীদের পুনরায় পরীক্ষা গ্রহণ করা হবে। এরপর জেলা প্রশাসকের কার্যালয়ে বসেই তারা কয়েকটি বিষয়ে পরীক্ষা দেন। ওই পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছিল, তাদেরকে ফরম পূরণ করতে দেওয়ার আশ্বাস দিয়েছিলেন জেলা প্রশাসক, এই তথ্য জানিয়ে তিনি আরও দাবি করেন, জেলা প্রশাসক তাদের সামনে বসেই প্রধান শিক্ষককে কল দেন। কিন্তু প্রধান শিক্ষক জানান, তারা ফরম পূরণ করতে দিবে না। স্কুলটির আরেকজন প্রাক্তন শিক্ষার্থীও দাবি করেন যে, স্কুলের টেস্ট পরীক্ষায় উচ্চতর গণিতে তিনি অকৃতকার্য হয়েছিলেন, তাই তিনি সেখান থেকে পরীক্ষা দিতে পারেননি। কিন্তু জেলা প্রশাসকের কার্যালয়ে বসে দেওয়া সেই পরীক্ষায় তিনি প্রথম হয়েছিলেন। পরে তিনি নরসিংদী সানবীম স্কুল থেকে বিজ্ঞান বিভাগে পরীক্ষা দেন এবং জিপিএ-৫ পেয়ে কৃতকার্য হন। এই শিক্ষার্থীদের অভিযোগ, স্কুলটিতে মাসিক বেতন দুই হাজার ৩০০ টাকা। এর পাশাপাশি অন্যান্য ফি-ও আছে। শিক্ষার্থীরা পরীক্ষায় ভালো ফলাফল শুধু স্কুলে পড়েই করে না। তাদেরকে স্কুলেরই শিক্ষকদের কাছে বছরব্যাপী প্রাইভেট পড়তে হয়।

এদিকে, শিক্ষার্থীরা যে জেলা প্রশাসকের কথা বলছেন, তার নাম মোহাম্মদ আনোয়ার হোসাইন। বর্তমানে তিনি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কমিশন সচিব হিসেবে কর্মরত। তার সঙ্গে কথা হলে তিনি বিবিসি বাংলাকে বলেন, ”স্কুলের কথা হলো ওরা ফেল করছে। তখন আমি দেখতে চাইলাম যে, আসলে সত্যি সত্যি ফেল করার মতো কিনা। অনেকেই ফেল করছে। কয়েকজন পাশও করছে। তখন অনুরোধ করেছিলাম যে যারা পাশ করেছে, এদেরকে বিবেচনা করা যায় কিনা। পরে জানতে পেরেছি যে, ওরা টিসি নিয়ে অন্য স্কুলে চলে গেছে।„ মি. হোসাইন আরও বলেন, ”এ বিষয়ে তখন তাদেরকে বলেছিলাম যে, কতজন এ+ পেয়েছে, সেটি আমাদের দেখার বিষয় না। একজন শিক্ষার্থীও যেন ফেল না করেন, সেভাবে পাঠদান করেন।„'

**টেস্ট পরীক্ষা নিয়ে শিক্ষা বোর্ডের নিয়ম কী?**

বাংলাদেশে প্রচলিত নিয়ম অনুযায়ী, এসএসসি পরীক্ষার আগে শিক্ষার্থীর পড়াশোনার মান যাচাই করে দেখতে স্কুল থেকে টেস্ট বা নির্বাচনি পরীক্ষা নেওয়া হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অফিশিয়াল নীতিমালা অনুযায়ী,

নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হওয়া এসএসসি পরীক্ষার ফরম পূরণের অন্যতম প্রধান পূর্বশর্ত। বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় বলা আছে, "বোর্ড অনুমোদিত কোনো বিদ্যালয় থেকে দশম শ্রেণির শিক্ষাক্রম শেষ করার পর ওই বোর্ডে রেজিস্ট্রেশন করা শিক্ষার্থী নিজ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।" সেখানে স্পষ্ট করে এও লেখা রয়েছে, "বোর্ডের কেবলমাত্র বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরাই পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।" ২০১৮ সালে ঢাকা শিক্ষা বোর্ড থেকে জারি করা একটি বিশেষ আদেশে এসএসসি ও এইচএসসি নির্বাচনি পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের মূল পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি না দেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তিতে কঠোর নির্দেশনা দেওয়া হয়। স্বচ্ছতা নিশ্চিত করতে নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র বা খাতা পরীক্ষার ফল প্রকাশের পর অন্তত ছয় মাস পর্যন্ত বিদ্যালয়ে বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করারও আদেশ দেওয়া হয় তখন। এ বিষয়ে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. পারভেজ সাজ্জাদ চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "বোর্ডের নিয়ম অনুযায়ী, টেস্ট পরীক্ষায় পাশ করতে হবে। কিন্তু অনেক প্রতিষ্ঠানের ইন্টেনশন থাকে যে, যারা জিপিএ-৫ পাবে না, তাদেরকে ইচ্ছে করে ফেল দেখাবো, যাতে ফরম পূরণ করতে না পারে।" এই বিষয়টিকে তিনি "অসুস্থ প্রতিযোগিতা" হিসেবে উল্লেখ করে বলেন, "বোর্ড কোনো র‍্যাংকিং করে না, গত তিন বছরে করেনি। কিন্তু প্রতিষ্ঠানগুলো নিজেদেরকে সেরা দেখানোর জন্য এটা করে। নিজেকে সেরা দেখালে সেরা শিক্ষার্থীগুলো পাবে। বেতন বেশি নিতে পারবে।" তিনি মনে করেন, যখন কোনো প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা টেস্ট পরীক্ষায় ফেল করে, তখন ওই প্রতিষ্ঠানের শিক্ষকদের পাঠদানের যোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠে এবং ওই শিক্ষার্থীদের কাছ থেকে বছরের পর বেতন-ভাতা নিয়ে কেন-ই বা উপরের ক্লাসে তোলা হলো, এটিও তখন বিষয়। মি. হাসান আরও জানান, তারপরও কোনো শিক্ষার্থী টেস্ট পরীক্ষায় ফেল করলে তার পুনরায় (রিটেক) একাধিকবার টেস্ট পরীক্ষা নেওয়ার ক্ষমতাও ওই প্রতিষ্ঠানের হাতে আছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিন্না ঘাস কী- কেন বাংলাদেশের সরকার এই ঘাসের ব্যবহার বাড়াতে চায়?

বাংলাদেশের মাঠে-ঘাটে কিংবা পরিত্যক্ত জমিতে এক ধরনের লম্বা ঘাস দেখা যায়। বাংলায় যার নাম বিন্না ঘাস। পতিত জমিতে ছড়িয়ে ছিটিয়ে থাকা এই ঘাসকে ব্যাপক হারে ব্যবহারের উদ্যোগ নিয়েছে বাংলাদেশের সরকার। মূলত বিভিন্ন দেশে পাহাড়ের ক্ষয়রোধ ও পাহাড়ধস বন্ধে পার্শ্বঢালে এই বিন্না ঘাস লাগানো হয়ে থাকে। যে কারণে বিন্না ঘাস কোন কোন প্রকল্পে ব্যবহার করা যায়, তা পর্যালোচনার জন্য সোমবার সরকার একটি টেকনিক্যাল কমিটি গঠন করেছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েটের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক অধ্যাপক মোহাম্মদ শরীফুল ইসলাম প্রায় দুই দশক ধরে এই ঘাস নিয়ে গবেষণা করছেন। যে কারণে সরকার এই ঘাসের উপযোগিতা যাচাই করতে যে কমিটি গঠন করেছে, সেখানেও যুক্ত করা হয়েছে অধ্যাপক ইসলামকে। মোহাম্মদ শরীফুল ইসলাম বিবিসি বাংলাকে বলছিলেন, "এই ঘাসের লম্বা মূল বা শেকড় খুব দ্রুত মাটির গভীরে ঢুকে, মাটিকে শক্ত করে আঁকড়ে ধরে রাখে। যে কারণে প্রকৌশল বিদ্যায় এই ঘাস ব্যবহার করে রাস্তা ঘাট, পাহাড় ধস, নদীর ভাঙনও রক্ষা করা হয়।" যে কারণে বর্তমান সরকারও এই ঘাসটি কোন কোন খাতে ব্যবহার করতে পারে, সে জন্য একটি গাইডলাইন তৈরিরও নির্দেশ দিয়েছে। নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী বর্তমান সরকার বাংলাদেশ জুড়ে খাল খননের কার্যক্রম শুরু করেছে। বিশেষজ্ঞরা বলছেন, বৃষ্টির সময় এই খালগুলো ভরাট হয়ে যাবে। যে কারণে বাঁধ রক্ষা ও খাল ভরাট রোধে এই বিন্না ঘাসই সাশ্রয়ী এবং টেকসই বিকল্প হিসেবে ব্যবহার হতে পারে। এছাড়াও সড়ক ও জনপথ বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, পাহাড় ধস রক্ষায় বৈজ্ঞানিকভাবে এই ঘাসকে ব্যবহারের কথা বলছেন তারা। তবে উদ্ভিদ বিজ্ঞানীরা বলছেন, পথে ঘাটে পতিত জমিতে পড়ে থাকা এই ঘাস দামি সুগন্ধিসহ নানা কাজেই ব্যবহার হয়ে থাকে এই ঘাসের শেকড় বা অন্যান্য অংশ।

### বিন্না ঘাস বা ভেটিভার কী?

বাংলাদেশের গ্রামগঞ্জে পথে ধারে, পরিত্যক্ত জমি কিংবা চর এলাকায় গুল্মজাতীয় এই ঘাসটি দেখা যায়। এর ইংরেজি নাম ভেটিভার, তবে বাংলাদেশে বিন্না ঘাস নামেও পরিচিত। গ্রামাঞ্চলের কোথাও কোথাও এই ঘাসটি বেন্না ঘাস, খসখস কিংবা ছন নামেও পরিচিত। এই ঘাস একটি বহুবর্ষজীবী উদ্ভিদও। ভেটিভার বা বিন্না ঘাস দেখতে লম্বা সরু পাতা, ঘন ঝোপের মতো বেড়ে ওঠে। এটি সাধারণত দেড় থেকে তিন মিটার পর্যন্ত লম্বা হতে পারে। কিন্তু এর সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো এর শিকড়। প্রায় দুই দশকের গবেষণার অভিজ্ঞতা থেকে বুয়েটের অধ্যাপক মোহাম্মদ শরীফুল ইসলাম বিবিসি বাংলাকে বলছিলেন, "এই ঘাসের শেকড়গুলো অত্যন্ত লম্বা ও শক্তিশালী হয়। শেকড় দুই থেকে তিন মিটার কখনও কখনও চার মিটার পর্যন্ত মাটির ভেতর ভেদ করতে পারে।" লম্বা ও সরু এই ঘাসের পাতাগুলো লম্বা সরু হয়ে থাকে। পথে ঘাটে কিংবা পতিত জমিতে ঝোপের মতো বেড়ে ওঠে এই ঘাসটি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রিন্সিপাল এক্সপেরিমেন্টাল অফিসার মোহাম্মদ আব্দুর রহিম বিবিসি বাংলাকে বলেন, "এই ঘাস দেখতে সাধারণ হলেও এর ক্ষমতা অসাধারণ। এর শিকড় শুধু মাটিকে আঁকড়ে

ধরেই রাখে না, বরং ভূমির স্তরগুলোকে একটি প্রাকৃতিক জালের মতো ধরে রাখে।„ গবেষকদের মতে, এর শেকড়গুলো মাটির ভেতরে জালের মতো ছড়িয়ে থাকার কারণে মাটি, পাহাড় কিংবা ভূমির ক্ষয়রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যে কারণে বাংলাদেশের অন্য ঘাস থেকে এই বিন্না ঘাসকে একেবারেই আলাদা মনে করেন বিশেষজ্ঞরা। গবেষকরা বলছিলেন, শুধু প্রযুক্তি নয়, প্রাকৃতিক ঔষধি গুণও রয়েছে এই বিন্না ঘাসের। বিশেষ করে এর শিকড় থেকে পাওয়া যায় সুগন্ধযুক্ত তেল। সুগন্ধি, প্রসাধনী এবং বিভিন্ন সুগন্ধি পণ্যেও এর ব্যবহার করা হয়ে থাকে এই বিন্না ঘাস।

**ভূমির ক্ষয়রোধে ঘাস যখন প্রযুক্তি**

গবেষকদের মতে, বিশ্বের বিভিন্ন দেশে ভেটিভার বা বিন্না ঘাস ভূমির ক্ষয়রোধ, পাহাড় ধস কিংবা নদীর ভাঙন রোধে কাজ করে। থাইল্যান্ড, ভারত, ইন্দোনেশিয়া, চীন, ব্রাজিল, ভিয়েতনাম ও আফ্রিকান দেশগুলোতে এই ঘাস ভূমিধস রোধ, রাস্তার বাঁধ স্লোপ সুরক্ষা, নদীতীর সংরক্ষণ ও কৃষি জমি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। গবেষকরা বলছেন, এই ঘাসটি জন্মের চার থেকে ছয় মাসের মধ্যে এর শেকড় মাটির গভীরে পৌঁছে জালের মতো ছড়িয়ে পড়ে। এরপরই এই ঘাস ঢাল, বাঁধ কিংবা মাটির ক্ষয়রোধের জন্য প্রস্তুত হয়ে যায়। এই হিম ঠাণ্ডা কিংবা খরতাপ-সব পরিবেশে মানিয়ে নেওয়ার অদ্ভুত ক্ষমতা আছে বলেও মনে করেন গবেষক ও উদ্ভিদ বিজ্ঞানীরা। গবেষকদের মতে, বৃষ্টির সময় পানির স্রোত যখন ঢাল, বাঁধ কিংবা রাস্তার পাশ দিয়ে নামে, তখন সেখানে এই জাতীয় ঘাস বা গুল্ম থাকলে সেটি মাটির ক্ষয়রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অধ্যাপক শরীফুল ইসলাম নিজেও বিশ্বের বিভিন্ন দেশের প্রকল্পে এই ঘাসটির ব্যবহার নিয়ে কাজ করছেন। তিনি বিবিসি বাংলাকে বলছিলেন, ”আমাদের দেশে বিভিন্ন সময় রড, সিমেন্ট, জিও ব্যাগ কিংবা বিভিন্ন ম্যাটেরিয়াল দিয়ে বাঁধ রক্ষার কাজ করা হয়েছে থাকে। কিন্তু এই ঘাসের শেকড় এতটাই শক্তিশালী যে এটিই বাঁধ রক্ষায় আরো কার্যকরী ভূমিকা পালন করে।„ তবে তার মতে, সব ধরনের পরিস্থিতি বা সব জায়গায় আবার এই ঘাস ব্যবহার করে মাটির ক্ষয়রোধ বা বাঁধ রক্ষা সম্ভব হবে না। কারণ হিসেবে তিনি ব্যাখ্যা করছিলেন, ”ধরেন একটা খরস্রোতা নদীর বাঁধ রক্ষা প্রয়োজন। সেক্ষেত্রে যদি আপনি এই ঘাস রোপন করেন, সেটি কোনো কাজে লাগবে না। তবে এটি পাহাড়ের ক্ষয়রোধ কিংবা সড়ক ও জনপথের রাস্তার পাশে এই ঘাসগুলো লাগালে তা মাটির ক্ষয়রোধে বেশ ভালো কাজে দিবে।„ এই ঘাসের সবচেয়ে বড়ো দুইটি উপকারিতাকে গুরুত্ব দিয়ে দেখেন গবেষকরা। তার প্রথমটি হলো সাশ্রয়ী আর দ্বিতীয়টি পরিবেশবান্ধব। একটি উদাহরণ দিয়ে অধ্যাপক ইসলাম বলছিলেন, ধরেন আপনি একটা বাঁধরক্ষায় রড সিমেন্ট বা কনক্রিটের ব্যবহার করলেন। সেখানে যদি আপনার খরচ হয় ১০০ টাকা। তার বিপরীতে আপনি যদি এই বিন্না ঘাসের সঠিক ব্যবহার করতে পারেন, তাহলে সেটি করতে পারবেন মাত্র দশ টাকায়। তবে, তার মতে সব জায়গায় যে এই ঘাস ব্যবহার করেই ক্ষয়রোধ বা ভুমি ধস ঠেকানো যাবে না। সে সব জায়গায় জিও ব্যাগ, কিংবা সিমেন্টের ব্লক বা রড দিয়েই বাঁধ রক্ষা করতে হবে।

**হঠাৎ বাংলাদেশে আলোচনা যে কারণে**

বাংলাদেশে বিশেষত চট্টগ্রাম, বান্দরবান, রাঙামাটি, কক্সবাজারের পাহাড়ি অঞ্চল এবং পদ্মা, যমুনা, মেঘনা নদীতীরবর্তী এলাকা ধস ও ভাঙনের ঝুঁকিতে থাকে বছর জুড়েই। গত ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের আগেই নির্বাচনে জিতলে বেশ কিছু উন্নয়নমূলক কাজের প্রতিশ্রুতি ছিল বিএনপির। তার মধ্যে অন্যতম একটি প্রতিশ্রুতি ছিল খাল খনন। যে কারণে নির্বাচনের পরই এই খাল খননের কর্মসূচি উদ্বোধন করেছে সরকার। প্রধানমন্ত্রী তারেক রহমানও দেশের বিভিন্ন জায়গায় যাচ্ছেন এবং খাল খনন কর্মসূচির উদ্বোধন করছেন। এমন পরিস্থিতিতে স্বল্প খরচে ও পরিবেশ বান্ধব উপায়ে এই বাঁধ ও খালের নাব্যতা রক্ষায় কি করা যায়, সেটি নিয়ে নানা আলোচনাও হয়। বিশেষ করে নদী ও খালের তীর, বাঁধ, পাহাড়ি ঢল ও হাওর অঞ্চলে বিন্না ঘাসের ব্যবহার পরিবেশের ভারসাম্য রক্ষার পাশাপাশি অবকাঠামোর স্থায়িত্ব বাড়াতে পারে, সেটি নিয়ে কয়েকটি বৈঠকে এই বিন্না ঘাসের ব্যবহারের উদ্যোগ নেয় সরকার। গত সপ্তাহে ঢাকায় এ নিয়ে একটি বৈঠক হয়। যেখানে বাংলাদেশের পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেছে, নদীভাঙন, ভূমিক্ষয় ও মাটির ক্ষয় রোধে বিন্না ঘাস একটি কার্যকর, পরিবেশবান্ধব ও স্বল্পব্যয়ী প্রাকৃতিক সমাধান হতে পারে। পরে গত সোমবার সচিবালয়ে এ নিয়ে একটি বৈঠকে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে কোন কোন প্রকল্পে এই বিন্না ঘাস ব্যবহার করা যায়, তার সম্ভাব্যতা যাচাইয়ে টেকনিক্যাল কমিটি হয়েছে। ওই কমিটির সদস্য অধ্যাপক মোহাম্মদ শরীফুল ইসলাম বিবিসি বাংলাকে বলছিলেন, ”বেশ কয়েকটি বৈঠকের পর প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছে কোন কোন খাতে বা কোন কোন জায়গায় এই বিন্না ঘাসের ব্যবহার করা যায়, সেই সম্ভাব্যতা যাচাই করা।„ তার মতে, খালের পাড়, বড়ো বড়ো রাস্তার পাশের মাটির ক্ষয়রোধ কিংবা পাহাড়ি এলাকায় যে-সব উন্নয়নমূলক কর্মকাণ্ড হবে, তা রক্ষায় এই ঘাসের ব্যবহার করা যেতে পারে। অধ্যাপক ইসলাম বলছিলেন, ”কোন কোন সেক্টরে আমরা এটা ব্যবহার করতে পারি, কতখানি ব্যবহার করতে পারবো, সেটা নির্ধারিত হবে সবার সাথে আলোচনার পর। বিশেষ করে এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড, কিংবা সরকারের কৃষি এগুলোতে ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়েছে। আপাতত এসব জায়গায় ব্যবহার হবে এই ঘাস।„(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## মিয়ানমারের বিবৃতি কি রোহিঙ্গা সংকট আরও জটিল করে তুলছে?

মিয়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠীকে আবারও 'বাঙালি' দাবি করে মিয়ানমার সরকারের সাম্প্রতিক বিবৃতির পর বাংলাদেশ সরকার জানিয়েছে যে, রোহিঙ্গাদের প্রত্যর্পণে মিয়ানমার সরকার ও আরাকান আর্মির ওপর আন্তর্জাতিক চাপ প্রয়োগের চেষ্টা করা হচ্ছে। কিন্তু প্রশ্ন উঠছে, হুট করে মিয়ানমার সরকার সেখানকার রোহিঙ্গাদের 'বাঙালি' উল্লেখ করে এখন কেন এমন বিবৃতি দিল? এর ফলে রোহিঙ্গাদের প্রত্যাবাসন নিয়ে বাংলাদেশ যে চেষ্টা করছে, সেটি বাধাগ্রস্ত হয়ে রোহিঙ্গা সংকট আরও জটিল রূপ নিতে যাচ্ছে কি-না সেই আলোচনাও সামনে আসছে। কারণ মিয়ানমার দাবি করেছে, যে জাতিগত নামে (রোহিঙ্গা) তাদেরকে পরিচয় করানো হচ্ছে সেই নামে কোনো গোষ্ঠী দেশটিতে নেই, যা রোহিঙ্গারা আগে থেকেই প্রত্যাখ্যান করে আসছে। তবে বিশ্লেষকরা বলছেন, মিয়ানমার সরকার যে সত্যিকার অর্থে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আগ্রহী নয়, সেটি বোঝাতেই 'বাঙালি' বিতর্ক অনেকটা হুট করেই সামনে নিয়ে আসা হলো, যা মিয়ানমারের জান্তা সরকারের একটি পুরোনো কৌশল বলেই মনে করেন তারা। রোহিঙ্গাদের একটি সংগঠনের একজন নেতা বিবিসি বাংলাকে বলেছেন, রাখাইনে রোহিঙ্গারা জাতিগত নিধনের শিকার হয়েছে আর এখনকার বাস্তবতা হলো- মিয়ানমারের সরকার ও আরাকান আর্মি কেউই রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে চায় না। তার মতে, মিয়ানমার সরকারের নতুন বিবৃতিতেও সেই বার্তা আছে। প্রসঙ্গত, ২০১৭ সালে মিয়ানমারের রাখাইন প্রদেশে সেনাবাহিনীর নির্যাতনে মুখে প্রাণ বাঁচাতে প্রায় সাড়ে সাত লাখের মতো রোহিঙ্গা সীমান্ত পেরিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নেয়। এর আগে ও পরে বিভিন্ন সময় আরও প্রায় চার থেকে পাঁচ লাখের মতো রোহিঙ্গা মিয়ানমার থেকে বাংলাদেশে এসেছে।

### পরিস্থিতি আরও জটিল হলো?

রোহিঙ্গাদের একটি সংগঠন- আরকান রোহিঙ্গা ন্যাশনাল অর্গানাইজেশন এর সাথে সম্পৃক্ত নূরুল ইসলাম বলছেন, বার্মায় কয়েক বছর আগেও সামরিক অভ্যুত্থানের মাধ্যমে যে জটিলতা তৈরি হয়েছিল, সেই জটিলতাকে আর তীব্র করে তুলেছে মিয়ানমার সরকার। "তারা রোহিঙ্গা নিধন করেছে। ফলে তারা স্বীকার করবে কীভাবে। তাদের বিশ্ব সম্প্রদায় দায়মুক্তি দিয়েছে বলে এটি তারা করতে পেরেছে। রোহিঙ্গারা রাখাইনের ও মিয়ানমারের নাগরিক। এটি স্বীকার করে প্রত্যাবাসনে মিয়ানমার সরকার কখনই সদিচ্ছা দেখায়নি। এবার যা বলা হয়েছে, সেটি তারই ধারাবাহিকতা„ বিবিসি বাংলাকে বলছিলেন মি. ইসলাম। ১৩৫টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যে রোহিঙ্গাদের স্বীকৃতি দেয় না মিয়ানমার। তারা রোহিঙ্গাদের বরাবরই 'বাঙালি' হিসেবে আখ্যায়িত করে। গত ২৮ এপ্রিল জাতীয় সংসদে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান জানিয়েছেন, মিয়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সংখ্যা বর্তমানে প্রায় ১১ লাখ ৮৯ হাজার। কিন্তু মিয়ানমার তাদের বিবৃতিতে বুঝাতে চেয়েছে যে, বাংলাদেশের এমন দাবিকে তারা গুরুত্ব দিচ্ছে না। অনেকে মনে করেন, এর মাধ্যমে মিয়ানমার প্রত্যাবাসনের বিষয়ে তাদের অনাগ্রহের বিষয়টিই আবারও তুলে ধরেছে। নূরুল ইসলাম বলছেন, "রাখাইনের পরিস্থিতির কারণেই প্রত্যাবাসন এখন আরও জটিল হয়ে উঠেছে। এমনিতেই বার্মায় সামরিক অভ্যুত্থানের পর প্রত্যাবাসন নিয়ে জটিলতা তৈরি হয়েছিল। জান্তা রোহিঙ্গাদের জাতিগত নিধন করেছে। এরপর আরাকান আর্মি সামনে চলে এসেছে। তারাও রোহিঙ্গাদের নিতে চাইছে না। আসলে মিয়ানমার সরকার ও আরাকান আর্মি- কাররও সদিচ্ছা নেই। এই বিবৃতিতেও প্রকাশ পেয়েছে।„ মিয়ানমারে নিযুক্ত বাংলাদেশের সাবেক কূটনীতিক ও নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর এমদাদুল ইসলাম বলছেন, বাঙালি বিতর্কে বাংলাদেশের জড়ানোই ঠিক হবে না। "বরং বাংলাদেশের অবস্থান হওয়া উচিত যে, মিয়ানমারকে তার নাগরিকদের ফিরিয়ে নিতে হবে। কারণ প্রত্যাবাসন প্রক্রিয়া ঠেকানোর জন্যই মিয়ানমার সরকার বিবৃতির নামে একটি কৌশল প্রকাশ করেছে, বলেছেন তিনি। কিন্তু হুট করে এমন কৌশলের কারণ কী হতে পারে জানতে চাইলে তিনি বলেন, "বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরে চীন-মিয়ানমার-বাংলাদেশ করিডোরের কথা এসেছে। মিয়ানমার সরকার প্রকৃত অর্থে সেটি চায় না। নতুন বিতর্কের সেটিও একটি কারণ হতে পারে। কারণ সম্পর্ক সহজ ও স্বাভাবিক না হলে তো করিডোরের মতো প্রকল্প নেওয়া যাবে না।„ মিয়ানমার বিষয়ক গবেষক ও লেখক আলতাফ পারভেজ বলছেন, মিয়ানমার মূলত বিশ্ব সম্প্রদায়কে একটি ধোঁকা দিতে চেয়েছে। তারা বোঝাতে চাইছে যে, প্রত্যাবাসনের বিষয়টিকে তারা গুরুত্ব দিতে রাজি নয়। "দেশটির এক তৃতীয়াংশ এলাকায় সরকারের কর্তৃত্ব আছে। আরাকানে তাদের নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব নেই। সেটি আরাকান আর্মির হাতে। পুরো এলাকার চিত্রই পাল্টে গেছে। বরং এখন মিয়ানমার সরকার যুদ্ধে রোহিঙ্গাদেরও ব্যবহার করতে চাইছে। আবার রোহিঙ্গারা সেদিকে গেলে আরাকান আর্মির আক্রমণের শিকার হবে। সব মিলিয়ে একটি জটিল পরিস্থিতি তৈরি হয়েছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### মিয়ানমারের বিবৃতি ও বাংলাদেশের অবস্থান

মিয়ানমার সরকার সম্প্রতি যে বিবৃতি দিয়েছে, তাতে রাখাইনের "নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হলে„ বাংলাদেশের আশ্রয় শিবিরে থাকা তিন লাখের কিছু বেশি 'বাস্তুচ্যুত' মানুষকে ফিরিয়ে নেওয়ার ইচ্ছের কথা বলা হয়েছে। আরাকান থেকে প্রায় সাড়ে পাঁচ লাখ মানুষ বাস্তুচ্যুত হয়েছে বলে ওই বিবৃতিতে স্বীকার করা হলেও, বাকিদের প্রসঙ্গে কিছু বলা হয়নি।

যদিও কয়েক দফায় মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে এসে বাংলাদেশে বসবাস করছে ১২ লাখের বেশি মানুষ। একইসঙ্গে প্রত্যাবাসনের জন্য বাংলাদেশের দিক থেকে যে তালিকা দেওয়া হয়েছে, তা নিয়ে আপত্তি প্রকাশ করা হয়েছে। বিবৃতিতে দাবি করা হয়েছে যে, এই ইস্যুতে গণমাধ্যমে ”একপেশে, ভুল তথ্য ও অপতথ্য„ প্রচার করা হচ্ছে। তাদের জাতিগত পরিচয় নিয়েও বিভ্রান্তি ছড়ানো হচ্ছে বলে দাবি দেশটির। তারা বলছে, অন্যান্য দেশে যাওয়া ব্যক্তিদের ”মিয়ানমারে কখনও না থাকা একটি জাতিগত পরিচয়„ দিয়ে পরিচিত করা হচ্ছে। অর্থাৎ রোহিঙ্গারা কখনও মিয়ানমারে ছিল না- এমন তথ্যই উঠে এসেছে ওই বিবৃতিতে। মিয়ানমারের দাবি, ২০১৬ সালের অক্টোবর-নভেম্বর এবং ২০১৭ সালের আগস্টে রাখাইনের উত্তরাঞ্চলে আরসা ”সন্ত্রাসী গোষ্ঠী„ পুলিশ ফাঁড়ি ও ব্যাটালিয়নে সমন্বিত হামলা চালায়। আরসার হামলার আগে বুথিদং, মংডু ও রাথিডং টাউনশিপে সাত লাখ ৪০ হাজারের বেশি ”বাঙালি„ বসবাস করত। ঘটনার পর সেখানে দুই লাখের বেশি থেকে যায় এবং ৫ লাখ ৪০ হাজার বাংলাদেশে চলে যায়। এই হিসাবের ভিত্তিতে মিয়ানমারের দাবি, ”রাখাইন থেকে ১০ লাখের বেশি বাস্তুচ্যুত„- এই তথ্যটি সঠিক নয়। প্রত্যাবাসনের জন্য বাংলাদেশের দেওয়া আট লাখ ২৮ হাজার ৮২৪ জনের তালিকার মধ্যে ২০২৬ সালের ৩১শে জুলাই পর্যন্ত মিয়ানমার চার লাখ ২৬ হাজার ৫৪৫ জনকে যাচাই করেছে বলে বিবৃতিতে জানানো হয়েছে। যার মধ্যে তিন লাখ আট হাজার ৭৯৭ জন রাখাইন রাজ্যের সাবেক বাসিন্দা বলে প্রমাণিত, চার হাজার ২৪১ জন ”সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত„ বলে চিহ্নিত এবং এক লাখ ১৩ হাজার ৫০৭ জনের তথ্য যাচাই করা সম্ভব হয়নি বলে দাবি করা হয়েছে। যাচাই হওয়া বাস্তুচ্যুতদের দ্রুত ফেরত নিতে ”আন্তরিক সদিচ্ছা„ নিয়ে কাজ চলছে বলেও জানিয়েছে মিয়ানমার।

মিয়ানমারের বিবৃতির চারদিনের মাথায় ঢাকায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ওই বিবৃতির ব্যাখ্যা চেয়ে দেশটির ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূতকে মঙ্গলবার ডেকে পাঠায়। তার সাথে বৈঠক করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমারের দায়িত্বে থাকা ডিজি। পরে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ সাংবাদিকদের বলেন, মিয়ানমারের দেওয়া এমন বিবৃতির সাথে ঢাকা একমত নয়। ”অবশ্যই সেটার সাথে আমরা একমত নই। তাদের (রোহিঙ্গা) নিজেদের একটা আইডেনটিটি আছে, সেই আইডেনটিটি নিয়েই তারা ফেরত যাবে। একটা ভালো পরিবেশে ডিজির সাথে অ্যাম্বাসেডরের আলোচনা হয়েছে। উনি আশ্বস্ত করেছেন যে, উনি সরকারের সাথে কথা বলে এই কাজগুলো দ্রুত করবেন,„ বলেছেন তিনি। তিনি বলেন, ”মিয়ানমার সরকারের সাথে আমাদের যেই যোগাযোগটা আছে, মিয়ানমার সরকারের সাথে আমাদের এক্সচেঞ্জ হচ্ছে, কমিউনিকেশন হচ্ছে কারণ আমরা এই রিপ্যাট্রিয়েশনটা শুরু করতে চাই।„ শামা ওবায়েদ জানান, প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরের সময় চীন সরকারও বাংলাদেশকে দৃঢ়ভাবে আশ্বস্ত করেছিল যে তারাও মিয়ানমারের সাথে যথেষ্ট পরিমাণ চাপ প্রয়োগ (প্রত্যাবাসনের জন্য) করবে। প্রসঙ্গত, ২০১৮ সালের ১৫ নভেম্বরের মধ্যে রোহিঙ্গাদের প্রথম দলটিকে মিয়ানমারে নিয়ে যাওয়ার কথা থাকলেও সেটি আর বাস্তবে আলোর মুখ দেখেনি। এরপর ২০১৯ সালের আগস্টে চীনের তরফ থেকে রোহিঙ্গাদের ফেরত পাঠানোর আরেকটি উদ্যোগ নেওয়া হয়। কিন্তু নাগরিকত্বের বিষয়টি সুরাহা না হওয়ায় রোহিঙ্গারা স্বেচ্ছায় যেতে চায়নি। এছাড়া ২০১৮ থেকে ২০২০ সালের মধ্যে আট লাখ রোহিঙ্গার একটি তালিকা মিয়ানমারকে দিয়েছিল বাংলাদেশ। এর ভিত্তিতে রোহিঙ্গা সংকট সমাধানে দ্বি-পাক্ষিক, বহুপাক্ষিক আলোচনা এবং সমঝোতার চেষ্টা হয়েছে একাধিকবার। কিন্তু তাদের নিজ দেশে ফেরত যাওয়ার প্রসঙ্গ আলোচনায় এলেও বাস্তব রূপ পায়নি। বিশ্লেষকরা বলছেন, মিয়ানমারের অভ্যন্তরীণ পরিস্থিতিকে বিবেচনায় নিলে দেশটির সরকার নতুন বিতর্ক তৈরি করে প্রত্যাবাসনকেই আরও জটিলতার দিকে ঠেলে দিতে চাইছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## কলকাতার হোটেলে অগ্নিকাণ্ডের যে ভয়াবহ অভিজ্ঞতার কথা শুনল বিবিসি

”এখান থেকে যখন আমি ব্যাগ নিয়ে বের হচ্ছি, তখন দেখি চারতলা থেকে একজন টর্চ জ্বালিয়ে চিৎকার করছে, দাদা হেল্প!„ আগুনের কবল থেকে বেরিয়ে আসার অভিজ্ঞতা শোনানোর সময় একথা বলছিলেন একজন বাংলাদেশি পর্যটক। ভারতীয় সময় রাত আড়াইটা নাগাদ যখন কলকাতার ফ্রি স্কুল স্ট্রিট বা মির্জা গালিব স্ট্রিটের হোটেলে আগুন লাগে, তখন তিনি কোনোমতে বেরিয়ে আসতে পেরেছিলেন। কিন্তু তার দিকে টর্চ জ্বালিয়ে সাহায্য চাওয়া ব্যক্তিকে কোনো সাহায্য তিনি করতে পারেননি। এই নিয়ে সাংবাদিকদের কাছে তার হতাশার কথাও বলছিলেন তিনি। অবশ্য তিনি পরে জানতে পারেন যে, দমকল কর্মীরা সাহায্য চেয়ে চিৎকার করা ব্যক্তিকে উদ্ধার করেছেন। কলকাতায় বাংলাদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত এলাকা মারকুইস স্ট্রিটের কাছে অবস্থিত এই হোটেলে যারা রাত কাটাচ্ছিলেন, তাদের সবার ভাগ্য এতটা ভালো ছিল না। জানা গেছে, এই অগ্নিকাণ্ডে মৃতদের মধ্যে একজন ঝাড়খণ্ড রাজ্যের বাসিন্দা ও হোটেলের কর্মচারী। যোগনারায়ণ আগরওয়াল নামে শিলিগুড়ির বাসিন্দা এক ৬৮ বছরের প্রৌঢ়ও এই ঘটনায় মারা গিয়েছেন। মৃতদের মধ্যে বেশিরভাগই বাংলাদেশের নাগরিক ও মূলত কলকাতায় এসেছিলেন চিকিৎসার কাজে। বুধবার সন্ধ্যা পর্যন্ত পাঁচজন বাংলাদেশি নাগরিকের দেহ শনাক্ত করা গিয়েছে। তাদের মধ্যে রয়েছেন বাংলাদেশের সাংবাদিক দেবাশীষ দত্ত, তার স্ত্রী, আড়াই বছর বয়সী শিশু ও শ্বশুর। আরেকজন ঢাকার কাছে সাভারের বাসিন্দা। আরও দুটি দেহ শনাক্ত করার কাজ চালাচ্ছে কলকাতা পুলিশ।

**'রাতে হঠাৎ দমবন্ধ হয়ে এলো, ঘর ধোঁয়ায় ভর্তি'**

বাংলাদেশ থেকে চিকিৎসা নেওয়ার উদ্দেশে ভারতে আসা বহু পর্যটক কলকাতার এই এলাকাটিতে একাধিক সস্তা হোটেলে ওঠেন। ঘটনাস্থলে পৌছতেই দেখা গেল, যে ভবনটিতে আগুন লেগেছিল, এর এক তলায় কিছু রেস্তোরাঁ ও মুদিখানার দোকান রয়েছে। উপরের চারটি ফ্লোরে বিভিন্ন মালিকানাধীন হোটেল চলছিল রমরমিয়ে। বেলা গড়াতেই পশ্চিমবঙ্গের নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ওই স্থানে পৌঁছান। তিনি অভিযোগ করেন যে সম্পূর্ণ বেআইনিভাবে এই হোটেলগুলো চলছিল। এসব হোটেলে সুরক্ষার যথাযথ বন্দোবস্ত সুনিশ্চিত না করে 'ট্রেড লাইসেন্স' বা বাণিজ্যিক ছাড়পত্র দেওয়ার অভিযোগ তিনি তুলেছেন সাবেক তৃণমূল কংগ্রেস নেতৃত্বাধীন সরকারের বিরুদ্ধে। যে ভবনটিতে আগুন লাগে, সেই ভবনে ওঠা ও নামার সিঁড়িটি অত্যন্ত সংকীর্ণ। আগুন লাগলে সেই সিঁড়ি ব্যবহার অত্যন্ত বিপজ্জনক হয়ে উঠতে পারে। বিবিসি বাংলাকে ওই ঘটনার প্রত্যক্ষদর্শী বেশ কয়েকজন জানিয়েছেন, হঠাৎ তারা অনুভব করেন যে, তাদের দমবন্ধ হয়ে আসছে। তখন মাঝরাত। চোখ খুলে তারা দেখতে পান ঘর ভরে গেছে ধোঁয়ায়। চারিদিক থেকে বহু মানুষের আর্তনাদের শব্দ শুনতে পাচ্ছিলেন তারা। বাংলাদেশের রাজধানী ঢাকা থেকে আসা এক যুগল- নাজিমুল ইসলাম ও তার স্ত্রী সুমাইয়া আক্তার বিবিসি বাংলাকে বলেছেন, "তখন রাত ১টা ৪০ বা ৫০। হঠাৎ একজন এসে দরজায় নক করে জানালেন যে, আগুন লেগেছে।„ এই খবর শোনার পরেই দরজার দিকে না গিয়ে জানালা দিয়ে সাহায্যের জন্য চিৎকার করতে থাকেন তারা। সুমাইয়া আক্তার জানান, তারা ফোনের ফ্ল্যাশলাইট জ্বেলে পথচারীদের বিপদের আভাস দিতে থাকেন। এর পরেই এক পথচারী দমকলকে খবর দেয় এবং দমকলকর্মীরা ওই দম্পতিকে উদ্ধার করেন। দমকলের তরফে জানানো হয়েছে যে, এই অগ্নিকাণ্ডের কারণ কী, সেই বিষয়ে স্পষ্ট ধারণা পাওয়া যায়নি। ঘটনার তদন্তে নেমেছে পুলিশের বিশেষ তদন্তকারী দল।

চলতি সপ্তাহের সোমবার পশ্চিমবঙ্গের বীরভূম জেলার তারাপীঠেও একটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, যেখানে মৃত্যু হয়েছিল কমপক্ষে সাতজন মানুষের। ঘটনার দুইদিনের মাথায় কলকাতায় এই অগ্নিকাণ্ড ঘটার ফলে পশ্চিমবঙ্গের হোটেলগুলিতে অগ্নি নির্বাপণ ও সুরক্ষা সম্পর্কিত একাধিক প্রশ্ন তুলছেন স্থানীয়রা। অগ্নি ও জরুরি সেবা সংক্রান্ত প্রতিমন্ত্রী কৌশিক চৌধুরী সাংবাদিকদের জানান, দমকল আগুনের উৎস খুঁজে বের করার চেষ্টা করছে। মর্গ ও কলকাতা পুলিশ দেহগুলো শনাক্ত করার কাজে নিযুক্ত আছে।

**মর্গে ছুটে আসেন মৃত সাংবাদিকের আত্মীয়**

মৃতদেহগুলো শনাক্ত করতে নিয়ে যাওয়া হয়েছিল নিকটবর্তী মর্গে। সেই মর্গে উপস্থিত হয়েছিলেন বাংলাদেশের মৃত সাংবাদিক দেবাশীষ দত্তের আত্মীয় কৃষ্ণ নন্দী। তিনি জানান, দীর্ঘদিন ধরে শারীরিক অসুস্থতায় ভুগছিলেন দেবাশীষ এবং প্রথমে ব্যাঙ্গালোরে চিকিৎসাধীন ছিলেন। তিনি জানালেন, দেবাশীষ দত্ত, তার স্ত্রী, সন্তান ও শ্বশুরের এই ঘটনায় মৃত্যু হয়েছে। তারা সবাই কুষ্টিয়ার বাসিন্দা। "৩ তারিখ ফ্লাইট ধরে তিনি কলকাতা থেকে ব্যাঙ্গালোর গিয়েছিলেন, তখন তিনি ফেসবুকে ছবি দিয়েছিলেন। দুই-একদিন আগে তিনি কলকাতায় ফেরেন ও এই হোটেলে তিনি থাকছিলেন।„ মি. নন্দী জানালেন তার বাড়ি মালদায় ও তিনি বাংলাদেশের ডেপুটি হাইকমিশন থেকে মৃত্যুর খবর পান। তিনি তখন কলকাতাতেই ছিলেন কাজের সূত্রে। খবর পেয়ে তিনি মর্গে ছুটে আসেন। খোঁজ নিয়ে জানা গেছে, ১৫ দিন আগে চিকিৎসার জন্য ভারতে গিয়েছিলেন নিহত দেবাশীষ দত্ত এবং তার পরিবার। বুধবারই তাদের দেশে ফেরার কথা ছিল। পরিবারের সদস্যরা জানিয়েছেন, মঙ্গলবার সবশেষ যখন তাদের সঙ্গে কথা হয়েছিল তখন বুধবার সকালেই দেশে ফেরার কথা জানিয়েছিলেন মি. দত্ত। নিহত দেবাশীষ দত্ত একটি পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত ছিলেন। মৃত্যুর খবরে বুধবার দুপুর থেকেই তার কুষ্টিয়ার বাসায় ভিড় করেন স্বজন, প্রতিবেশী ও স্থানীয় গণমাধ্যম কর্মীদের অনেকে। বাংলাদেশ হাই কমিশনের পক্ষ থেকে ওমর ফারুক আকন্দ জানিয়েছেন, "মৃতদের কাছ থেকে প্রাপ্ত নথিপত্র ও পরিবারের সঙ্গে কথা বলে তাদের শনাক্ত করা হবে।„

**শোকবার্তা মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর**

এই অগ্নিকাণ্ডের ঘটনায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে লিখেছেন, "এই মর্মান্তিক ঘটনাটি পূর্ববর্তী সরকারের রেখে যাওয়া অবহেলার এক কঠিন স্মারক।„ "বছরের পর বছর ধরে শহর ও রাজ্যের অবকাঠামো কোনো নিয়ন্ত্রণ ছাড়াই গড়ে উঠতে দেওয়া হয়েছে। সেসব জায়গায় বাধ্যতামূলক অগ্নি-সুরক্ষা বিধিমালা সম্পূর্ণ উপেক্ষা করেই বিভিন্ন স্থাপনা নির্মাণ ও হোটেল বা অন্যান্য বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার অনুমতি দেওয়া হয়েছে।„ শোক প্রকাশ করে তিনি বলেন, "এই হৃদয়বিদারক ঘটনায় যারা প্রিয়জনদের হারিয়েছেন, তাদের প্রতি আমার গভীর সমবেদনা রইল। আহতরা যাতে সর্বোত্তম চিকিৎসা ও সহায়তা পান, তা নিশ্চিত করার জন্য আমি প্রশাসনকে নির্দেশ দিয়েছি।„ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার এক্স হ্যান্ডেলে লেখেন, "কলকাতায় অগ্নিকাণ্ডে প্রাণহানির খবর শুনে আমি গভীরভাবে মর্মাহত। এই দুর্ঘটনায় যারা প্রিয়জনদের হারিয়েছেন, তাদের প্রতি আমি সমবেদনা জানাচ্ছি। আহতরা দ্রুত সুস্থ হয়ে উঠুন। স্থানীয় প্রশাসন ক্ষতিগ্রস্তদের সহায়তায় নিযুক্ত।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## স্ত্রী-সন্তানসহ আজই দেশে ফেরার কথা ছিল দেবাশীষ দত্তের

"আমার ছওয়ালের নিয়ে নিল রে, এ কী করে সহ্য করবো আমি, আমি সহ্য করতে পারবো না, আমার দেবাশীষ নাই।„ এভাবেই আহাজারি করছিলেন কলকাতার মির্জা গালিব স্ট্রিটের একটি হোটেলে আগুনের ঘটনায় নিহত দেবাশীষ দত্তের মা। ভয়াবহ এই আগুনে বাংলাদেশের কুষ্টিয়ার বাসিন্দা মি. দত্ত ছাড়াও তার দুই বছর আট মাস বয়সি সন্তান শর্ণশীষ দত্ত, স্ত্রী আফসানা শারমীন এবং শ্বশুর আকরাম হোসেন মারা গেছেন। খোঁজ নিয়ে জানা গেছে, ১৫ দিন আগে চিকিৎসার জন্য ভারতে গিয়েছিলেন নিহত দেবাশীষ দত্ত এবং তার পরিবার। বুধবারই তাদের দেশে ফেরার কথা ছিল। পরিবারের সদস্যরা জানিয়েছেন, মঙ্গলবার সবশেষ যখন তাদের সঙ্গে কথা হয়েছিল তখন বুধবার সকালেই দেশে ফেরার কথা জানিয়েছিলেন মি. দত্ত। নিহত দেবাশীষ দত্ত একটি পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত ছিলেন। মৃত্যুর খবরে বুধবার দুপুর থেকেই তার কুষ্টিয়ার বাসায় ভিড় করেন স্বজন, প্রতিবেশী ও স্থানীয় গণমাধ্যম কর্মীদের অনেকে।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক জামিনে মুক্ত

জামিনে মুক্তি পেয়েছেন বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক। বুধবার বিকেল সোয়া চারটার দিকে তাকে কারাগার থেকে মুক্তি দেওয়া হয় বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন তার আইনজীবী মোতাহার হোসেন সাজু। "গুরুতর শারীরিক অসুস্থতার কারণেই তাকে জামিন দিয়েছেন আদালত। এখন তিনি বাসায় থেকেই চিকিৎসা নেবেন,„ জানান মি. সাজু। তিনি বলেন, সাবেক এই প্রধান বিচারপতির বিরুদ্ধে নয়টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। গত বছরের ২৪ জুলাই রাজধানীর ধানমন্ডির বাসা থেকে গ্রেফতার হন সাবেক বিচারপতি মি. হক। যুবদলকর্মী আবদুল কাইয়ুম আহাদ হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে তাকে কারাগারে পাঠানো হয়। অর্থাৎ এক বছরেরও বেশি সময় কারাভোগের পর তিনি জামিনে মুক্ত হলেন। প্রধান বিচারপতি থাকা অবস্থায়, ২০১১ সালে মি. হকের নেতৃত্বাধীন আপিল বেঞ্চ সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় দিয়েছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## কলকাতায় হোটেলে নিহত আরো দুইজনের পরিচয় প্রকাশ

কলকাতার একটি হোটেলে আগুন লেগে নিহত নয়জনের মধ্যে আরো দুইজনের পরিচয় জানিয়েছে স্থানীয় পুলিশ। তারা হলেন ভারতের বিহারের সন্দীপ পাসওয়ান ও শিলিগুরির ইয়োগ নারায়ণ আগরওয়াল। সন্দীপের বয়স ১৯ এবং ইয়োগ নারায়ণ ৬৮ বছর বয়সি বলেও জানানো হয়েছে। এর আগে, এই ঘটনায় নিহত পাঁচজন বাংলাদেশি নাগরিকের পরিচয় জানিয়েছিল কলকাতা পুলিশ। তাদের মধ্যে আছেন কুষ্টিয়ার মো. আকরাম আলী, যার বয়স ৭৪ বছর, ৩৯ বছর বয়সি দেবাশিস দত্ত, ২৭ বছরের আফসানা শারমীন ও দুই বছর আট মাস বয়সি শর্ণশিষ দত্ত। বাবু আহমেদ বাবু নামে ৩৭ বছর বয়সী পঞ্চম যে ব্যক্তিকে শনাক্ত করা গেছে, তার ঠিকানা সাভারের আমিনবাজার। ওই হোটেলে নিহত একজনের পরিচয় এখনো নিশ্চিত করা বাকি আছে।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ আলী আহমেদ)

## প্যারোল কী ও কীভাবে দেওয়া হয়?

কারাগারে থাকা বন্দিকে সীমিত সময়ের জন্য মুক্তি দেওয়ার প্রক্রিয়া হলো প্যারোল। বিধি মোতাবেক কেউ প্যারোল আবেদনের যোগ্য হলে তিনি আবেদন করতে পারেন। জামিনের সঙ্গে এর পার্থক্য রয়েছে। জামিন হয় আদালতের নির্দেশে, কিন্তু প্যারোল হয় প্রশাসনিক আদেশে। জামিন পাওয়া ব্যক্তি বাইরে স্বাধীন থাকেন এবং তিনি কোনো আদালত বা পুলিশের জিম্মায় থাকেন না। কিন্তু প্যারোল পাওয়া ব্যক্তি পুরো সময় পুলিশের তত্ত্বাবধানে থাকেন। প্যারোল পাওয়া ব্যক্তিকে নির্দিষ্ট সময় পর পুলিশ কারাগারে নিয়ে আসবে। আইনজীবী মনজিল মোরশেদ জানান, যে-কোনো ধরনের বন্দি, কয়েদী বা হাজতিই প্যারোলে মুক্তি পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন। "তিনি (কোনো ব্যক্তি) যে অপরাধের কারণে বা যে ধরন বা মেয়াদের শাস্তি ভোগরতই থাকুন না কেন, সুনির্দিষ্ট কারণ দেখিয়ে (যেমন নিকটাত্মীয়ের জানাজা) তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করতে পারেন প্যারোলে মুক্তির জন্য।„ "মন্ত্রণালয় দূরত্ব ও স্থান বিবেচনা করে একটা নির্দিষ্ট সময়ের জন্য তার আবেদন মঞ্জুর করতে পারেন।„

### প্যারোলে মুক্তির বিষয়ে যত নীতিমালা

কোন বন্দি প্যারোল পাবেন এবং প্যারোলের আওতায় তার সময়কাল কীভাবে দেখা হবে- তা নিয়ে একটি নীতিমালা আছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের। এ নীতিমালা অনুযায়ী, জেলা ম্যাজিস্ট্রেট প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন। এ নীতিতে থাকা অন্য কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো :

১. নিরাপত্তা ও দূরত্ব বিবেচনা করে প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ সময় নির্ধারণ করে দিবেন;

২. নিকট আত্মীয় যেমন বাবা-মা, শ্বশুর-শাশুড়ি, সন্তান, আপন ভাই-বোন মারা গেলে প্যারোলে মুক্তি দেওয়া যায়;

৩. আদালতের আদেশ বা সরকারের বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট সময়ের জন্য প্যারোলে মুক্তি দেওয়া যাবে;

৪. প্যারোলে মুক্তি পেলেও সার্বক্ষণিক পুলিশ প্রহরায় থাকতে হবে;

৫. কারাগারের ফটক থেকে প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিকে পুলিশ বুঝে নেওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যেই কারাগারে ফেরত দিতে হবে।(বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচনের আগে বিএনপির সংসদীয় দলের সভায় যা হলো

বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচনের আগের দিন দলের সংসদ সদস্যদের নিয়ে সভা করেছে ক্ষমতাসীন দল বিএনপি। মূলত রাষ্ট্রপতি নির্বাচনকে সামনে রেখেই প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে এই সভা হয় বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন সেখানে উপস্থিত একাধিক সংসদ সদস্য। সভায় বক্তব্য রাখেন রাষ্ট্রপতি পদে বিএনপি মনোনিত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরও। কথা বলতে গিয়ে তিনি বেশ কয়েকবার আবেগপ্রবণ হয়ে পড়েন এবং দলের সহকর্মীদের মিস করবেন বলে মন্তব্য করেন। সভায় মির্জা ফখরুল ইসলাম আমগীরের পক্ষে দলীয় এমপিদের ভোট চাওয়া হয়। এছাড়া কীভাবে ভোট দিতে হবে সেব্যাপারে এমপিদের বুঝিয়ে বলা হয়। এছাড়া বিএনপি চেয়ারম্যান তারেক রহমান দলের এমপিদের আসন্ন স্থানীয় সরকার নির্বাচন নিয়ে প্রস্তুত হওয়ার ও সতর্ক হওয়ারও আহ্বান জানান। এই নির্বাচন দলীয় প্রতীকে হবে না, ফলে এলাকায় বিরোধ যেন না থাকে, সেজন্য এমপিদের কাজ করার কথাও বলেন। বিএনপির সংসদীয় দলের সভা শেষে সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি সংবাদ সম্মেলনে জানান, রাষ্ট্রপতি নির্বাচনে কীভাবে ভোটগ্রহণ হয়, দেশের মানুষ সেটা দেখবে। নির্বাচন শুরুর ৫ মিনিট আগে ভোটের লাইভ টেলিকাস্ট শুরু হবে জানিয়ে তিনি বলেন, রাষ্ট্রপতি, স্পিকার, প্রধানমন্ত্রী ও বিরোধী দলীয় নেতা এবং রাষ্ট্রপতি প্রার্থী মির্জা ফখরুল ইসলামের ভোট প্রদান সরাসরি সম্প্রচার করা হবে। তাদের ভোট দেওয়া শেষ হলে পরের পুরো ভোটগ্রহণ প্রক্রিয়া রেকর্ড করা হবে। নির্বাচন শেষ হবার পাঁচ মিনিট আগে আমরা আবারও লাইভ টেলিকাস্ট শুরু করব। এরপর ফলাফল ঘোষণাটিও সরাসরি দেখানো হবে। (বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

## শুক্রবার শপথ নেবেন নতুন রাষ্ট্রপতি : চিফ হুইপ

বৃহস্পতিবার নির্বাচনের পরদিন অর্থাৎ শুক্রবারই বঙ্গভবনে নতুন রাষ্ট্রপতি শপথ নেবেন বলে জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি। বুধবার জাতীয় সংসদ ভবনে বিএনপির সংসদীয় দলের সভা শেষে সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। মি. মনি জানান, শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটায় বঙ্গভবনে রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠিত হবে। তিনি বলেন, ”আজকের সংসদীয় দলের সভায় আমরা মাননীয় সকল সংসদ সদস্যদের কাছে ভোট চেয়েছি।„ রাষ্ট্রপতি নির্বাচন এবং ভোট গণনাসহ পুরো প্রক্রিয়া টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হবে বলেও জানান তিনি।

(বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

## কলকাতায় নিহতদের মরদেহ দ্রুত দেশে ফেরানো হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কলকাতায় ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহত বাংলাদেশিদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, এই ঘটনায় এখন পর্যন্ত নয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে, যার মধ্যে পাঁচজনই বাংলাদেশের। কলকাতায় বাংলাদেশের উপ-হাইকমিশন ইতোমধ্যে নিহতদের পরিবারের সঙ্গে যোগাযোগ করেছে বলেও জানান প্রতিমন্ত্রী।

(বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

## ফিলিস্তিনি শিশু হত্যার ঘটনা তদন্তের নির্দেশ ইসরায়েলি সেনাবাহিনীর

গাজায় পাঁচ বছর বয়সি শিশু হিন্দ রাজাব হত্যার ঘটনায় ফৌজদারি তদন্তের নির্দেশ দিয়েছে ইসরায়েলি সেনাবাহিনী। ২০২৪ সালের জানুয়ারি মাসে গাজা সিটিতে একটি গাড়িতে করে যাওয়ার সময় ইসরায়েলি গুলিবর্ষণের মুখে পড়া একটি পরিবারের সাতজন সদস্যের একজন ছিল এই ফিলিস্তিনি শিশুটি। পরিবারের বেশ কয়েকজন সদস্য ঘটনাস্থলেই নিহত হলেও প্রাথমিকভাবে বেঁচে গিয়েছিল সে। গাজায় যুদ্ধের সময় বোমাবর্ষণ থেকে পালিয়ে যাওয়ার চেষ্টার সময় হিন্দ রাজাবদের বহনকারী গাড়িতে ইসরায়েলি গুলি আঘাত হানে। পরিবারের বেশ কয়েকজন নিহত হলেও ফিলিস্তিন রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্ধারকর্মীদের করা একটি কলব্যাকের জবাব দিতে সক্ষম হয় হিন্দ এবং দীর্ঘক্ষণ সেই ফোনালাপ চলে। পরে গুলির শব্দের মধ্যেই তার ফোন লাইন কেটে যায়। এমনকি তাকে উদ্ধারের জন্য যাওয়া অ্যাম্বুলেন্সেও গোলাবর্ষণ করা হয়। পরবর্তীতে হিন্দ, তার পরিবার ও অ্যাম্বুলেন্সের ক্রুদের মরদেহ উদ্ধার করা হয়। এই ঘটনা ওই সময় বিশ্বজুড়ে নানা আলোচনা-সমালোচনার জন্ম দিয়েছিল। ইসরায়েলি ডিফেন্স ফোর্সেস বা আইডিএফ এক বিবৃতিতে জানিয়েছে, ”ঘটনাটি পর্যালোচনা করার পর„ সামরিক পুলিশ অপরাধ তদন্ত বিভাগকে এই ঘটনার একটি ফৌজদারি তদন্ত শুরুর নির্দেশ দেওয়া হয়েছে। হিন্দ ও তার পরিবারকে বহনকারী গাড়িতে গুলি চালানোর কথা এই প্রথম স্বীকার করল আইডিএফ। এর আগে, আইডিএফ-এর প্রাথমিক তদন্তে দাবি করা হয়েছিল যে, ঘটনার সময় ওই এলাকায় কোনো ইসরায়েলি সেনা উপস্থিত ছিল না।(বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

## ইরানের সঙ্গে সব বাণিজ্য স্থগিতের ঘোষণা সংযুক্ত আরব আমিরাতের

সংযুক্ত আরব আমিরাত (ইউএই) বলেছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তারা ইরানের সঙ্গে সব ধরনের বাণিজ্য এবং আর্থিক লেনদেন স্থগিত রাখবে। সংবাদ সংস্থাগুলোর তথ্য অনুযায়ী, ইউএইর পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, আঞ্চলিক উত্তেজনা বৃদ্ধি পাওয়ার কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাদের ভাষ্যে, এই উত্তেজনা শান্তি ও নিরাপত্তাকে ক্ষুণ্ন করছে। মঙ্গলবার রাতে ইউএই-এর প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, ইরান দেশটির দিকে দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। এর মধ্যে একটি ইউএইর আঞ্চলিক জলসীমার বাইরে পড়ে এবং দ্বিতীয়টি দেশটির জলসীমার ভেতরে আঘাত হানে। ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর অঞ্চলটির অন্য যেকোনো দেশের তুলনায় ইউএই ইরানের হামলার বেশি শিকার হয়েছিল। তবে সমঝোতা স্মারকে স্বাক্ষর করার পর পরিচালিত অভিযানে ইরান ইউএইর ওপর কোনো হামলা চালায়নি। তবে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই সংযুক্ত আরব আমিরাতের ওই বক্তব্য প্রত্যাখ্যান করে বলেছেন, ”ইউএইর অভিযোগ ভিত্তিহীন।„ ”ইউএইর আচরণ সুপ্রতিবেশীসুলভ সম্পর্কের নীতির পরিপন্থি এবং আঞ্চলিক দেশগুলোর মধ্যে আস্থা জোরদার ও অঞ্চলে নিরাপত্তাহীনতার বিস্তার ঠেকানোর চলমান প্রচেষ্টাকে ব্যাহত করে,„ বলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : **১৯.০৮.২০২৬** আলী আহমেদ)

# রেডিও তেহরান

## কলকাতার হোটেলে আগুন লাগার ঘটনায় ৯ বাংলাদেশির মৃত্যু

ভারতের পশ্চিমবঙ্গের কলকাতার নিউ মার্কেটের পাশে মির্জা গালিব স্ট্রিটের একটি হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৯ বাংলাদেশি নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ছয়জন পুরুষ, দু-জন নারী ও এক শিশু রয়েছে। এনডিটিভি এক প্রতিবেদনে এতথ্য জানিয়েছে। গতকাল (মঙ্গলবার) দিবাগত রাত ভোর ৩টার দিকে হোটেলটির চতুর্থ তলায় আগুন লাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কলকাতা পুলিশ ও দমকল বাহিনী। প্রায় দুই ঘণ্টার চেষ্টায় তারা আগুন নিয়ন্ত্রণে আনে। তবে এরই মধ্যে হোটেলের একটি অংশ পুড়ে যায় এবং প্রাণহানির ঘটনা ঘটে। এ ঘটনায় এখন পর্যন্ত প্রায় ৬০ জনকে উদ্ধার করা হয়েছে বলে জানা গেছে। আগুনের ধোঁয়ায় অনেকে অচেতন হয়ে পড়েন। তাদের কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। পুলিশ ও দমকল বাহিনীর প্রাথমিক ধারণা, হোটেলের একটি এসি থেকে আগুনের সূত্রপাত হতে পারে। তবে আগুন লাগার প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে। ঘটনাস্থলে পশ্চিমবঙ্গের দমকলমন্ত্রী ও কলকাতা পুলিশের কমিশনার উপস্থিত হন।

### নানা প্রশ্ন ও বিতর্ক

মঙ্গলবার রাত সোয়া ৪টার দিকে ভবনটির তৃতীয় তলায় থাকা একটি হোটেল থেকে আগুনের সূত্রপাত বলে প্রাথমিকভাবে জানা গেছে। ওই বহুতল ভবনের প্রায় প্রতিটি তলাতেই আলাদা হোটেল বা গেস্ট হাউস রয়েছে। ঘরগুলো ছোটো এবং যাতায়াতের জায়গাও অত্যন্ত সঙ্কীর্ণ। ভবনে ঢোকার এবং বের হওয়ার মূল পথ একটিই। আপৎকালীন নির্গমন ব্যবস্থাও ছিল না বলে অভিযোগ অতিথিদের। আগুন লাগার পর বহু মানুষ ঘর থেকে বেরিয়ে আসার চেষ্টা করে। কিন্তু ধোঁয়ায় করিডোর ও বারান্দা ঢেকে যাওয়ায় দিক নির্ণয় করা কঠিন হয়ে পড়ে। কয়েকজন অতিথি শৌচাগারে আশ্রয় নিয়ে জানালা ভেঙে বের হওয়ার চেষ্টা করেন। পরে দমকলকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে ভবনের ভেতরে আটকে পড়া অতিথিদের উদ্ধার করেন। অতিথিদের একাংশের অভিযোগ, আগুন লাগার পর হোটেল কর্তৃপক্ষের কাউকে তারা দেখতে পাননি। অগ্নিনির্বাপণের পর্যাপ্ত ব্যবস্থাও ছিল না বলে অভিযোগ। এক অতিথি বলেন, দমকলকর্মীরা দ্রুত ঘটনাস্থলে না পৌঁছালে আরো বড়ো বিপদ ঘটতে পারত। বহুতলের সর্বোচ্চ তলায় থাকা একটি পরিবারকেও পরে উদ্ধার করা হয়। পরিবারের এক মহিলার অভিযোগ, হোটেলে অগ্নিনিরাপত্তার ব্যবস্থা করার জন্য আগেও কর্তৃপক্ষকে সতর্ক করা হয়েছিল। প্রশাসনের কাছে অভিযোগ জানিয়েও কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি বলে তার দাবি। ঘটনাকে কেন্দ্র করে প্রশ্ন উঠেছে, প্রয়োজনীয় অগ্নিনিরাপত্তা ব্যবস্থা না থাকা সত্ত্বেও কীভাবে ওই ভবনে একাধিক হোটেল ও গেস্ট হাউস চলছিল। সংশ্লিষ্ট হোটেলের দমকলের প্রয়োজনীয় ছাড়পত্র ছিল কি না, তা নিয়েও প্রশ্ন উঠেছে। বিজেপি নেতা সন্তোষ পাঠক অভিযোগ করেন, ”এগুলো মূলত আবাসিক ভবন ছিল। সেটাকে বেআইনিভাবে বাণিজ্যিক করা হয়েছে।„ তার দাবি, হোটেলের ঘর বাড়ানোর জন্য ভবনের পিলার পর্যন্ত কাটা হয়েছিল। এতে কাঠামোগতভাবে ভবনটি দুর্বল হয়ে পড়ে থাকতে পারে বলে অভিযোগ তার। অগ্নিকাণ্ডের ঘটনায় এখন মূল তদন্তের বিষয় হয়ে দাঁড়িয়েছে ভবনের অগ্নিনিরাপত্তা ব্যবস্থা, হোটেলগুলোর বৈধতা এবং দমকলের অনুমোদন। পাশাপাশি, ঘটনার আগে নিরাপত্তা সংক্রান্ত অভিযোগ প্রশাসনের কাছে পৌঁছেছিল কি না, পৌঁছে থাকলে কেন ব্যবস্থা নেওয়া হয়নি, তা নিয়েও উঠছে প্রশ্ন।

হোটেলগুলি গলির মধ্যে। ফলে দমকলের গাড়ির বেশি ভেতরে ঢোকার অবকাশ ছিল না। প্রথমে বাইরে থেকে আগুন নেভানোর চেষ্টা করেন দমকলকর্মীরা। পরে তারা হোটেলের ভিতরে ঢুকে উদ্ধারকাজ শুরু করেন। কীভাবে আগুন

লাগল, তা নিয়ে প্রশ্ন উঠছে? দমকলের প্রাথমিক অনুমান, শর্ট সার্কিট থেকে আগুন লাগতে পারে। তবে বিষয়টি নিয়ে তদন্ত হয়েছে। ঘটনাস্থলে যাবেন ফরেনসিক বিশেষজ্ঞেরা। হাসপাতাল সূত্রে খবর, মৃতদের শরীরে দগ্ধ হওয়ার বা ঝলসে যাওয়ার চিহ্ন তেমন নেই। চিকিৎসকদের প্রাথমিক অনুমান, শ্বাসরোধ হয়ে তাদের মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের পরই মৃত্যুর আসল কারণ স্পষ্ট হবে। কয়েকজনের অবস্থা এখনও আশঙ্কাজনক।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৯.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### আন্তর্জাতিক অপরাধ আদালতের সভাপতি আকানে তোমোকোর উপর মার্কিন নিষেধাজ্ঞা আরোপ

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন আন্তর্জাতিক অপরাধ আদালত বা আইসিসির বিরুদ্ধে তাদের প্রচার অভিযান আরও জোরদার করছে। আইসিসির সভাপতি আকানে তোমোকোসহ আদালতটির নেতৃত্বের উপর নিষেধাজ্ঞা আরোপ করছে যুক্তরাষ্ট্র। আকানে হলেন একজন জাপানি বিচারক, ২০২৪ সালে যিনি দায়িত্ব গ্রহণ করেন। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর একটি বিবৃতি প্রচার করেছে। এতে আইসিসিকে ”দুর্নীতিগ্রস্ত এবং মারাত্মকভাবে রাজনৈতিক প্রভাবাধীন„ বলে বর্ণনা করে সংস্থাটির বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ আনা হয়। এই নিষেধাজ্ঞার আওতায় যুক্তরাষ্ট্রে থাকা যে-কোনো সম্পদ জব্দ করার কথা বলা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় আরও জানায় যে, আইসিসি মার্কিন ”সার্বভৌমত্বের„ জন্য যেন হুমকি হয়ে না দাঁড়াতে পারে, সেই লক্ষ্যে আরও পদক্ষেপ গ্রহণে তারা প্রস্তুত আছে। মার্কিন কর্মকর্তারা আফগানিস্তানে মার্কিন সেনাদের বিরুদ্ধে কথিত যুদ্ধাপরাধের তদন্তে আদালতের অনুমোদনের বিরোধিতা করার পাশাপাশি কথিত যুদ্ধাপরাধের অভিযোগে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে জারি করা গ্রেফতারি পরোয়ানার নিন্দা জানিয়েছেন। এই মামলাগুলোর সাথে জড়িত বিচারক ও কৌঁসুলিদের উপর তারা নিষেধাজ্ঞা আরোপ করেছেন। আইসিসি এই নিষেধাজ্ঞার সমালোচনা করেছে। সংস্থাটি বলেছে, আদালতকে লক্ষ্যবস্তু করা হলে তা ”আইনের শাসনকে দুর্বল করবে„ এবং ”আন্তর্জাতিক আইনি ব্যবস্থাকে„ ঝুঁকির মধ্যে ফেলবে। সংস্থাটি জোর দিয়ে বলেছে যে, নিরপেক্ষভাবে কাজ করা তারা অব্যাহত রাখবে।
(এনএইচকে ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে বিএসইসির ১৭ কর্তাকে বাধ্যতামূলক অবসরে

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ১৭ কর্মকর্তাকে একসঙ্গে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। এ ছাড়া বিভিন্ন পর্যায়ের পাঁচজন কর্মকর্তার বেতন সর্বনিম্ন স্তরে নামিয়ে আনা হয়েছে। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, বিএসইসি প্রতিষ্ঠার পর একসঙ্গে এত কর্মকর্তাকে অবসরে পাঠানোর এটাই প্রথম ঘটনা। জানা যায়, গত বছরের ৫ মার্চ বিএসইসির তৎকালীন চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ ও অন্যান্য কমিশনারদের কয়েক ঘণ্টা অবরুদ্ধ করে রেখে নাজেহালের ঘটনায় সরকারের শীর্ষ পর্যায়ের নির্দেশে মোট ২২ কর্মকর্তার বিরুদ্ধে এই ব্যবস্থা নিয়েছে বিএসইসি। ২২ কর্মকর্তার মধ্যে ১৭ জনকে বাধ্যতামূলক অবসরে পাঠানো ও পাঁচজনের বেতন সর্বনিম্ন স্তর বা গ্রেডে নামিয়ে আনার সিদ্ধান্ত হয়। গতকাল মঙ্গলবার বিএসইসির পক্ষ থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। অত্যন্ত সতর্কতা ও গোপনীয়তার সঙ্গে বিএসইসি সরকারের এই নির্দেশ পালন করে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রনি)

### ২০২৫ সালে ত্রাণকর্মীদের ওপর হামলার ঘটনা বেড়েছে : জাতিসংঘ

এইড ওয়ার্কার সিকিউরিটি ডেটাবেজ-এর তথ্য অনুযায়ী, ২০২৫ সালে মোট ৯০৭ জন ত্রাণকর্মী নিহত, আহত বা অপহৃত হয়েছেন। ৯০৭ জনের মধ্যে নিহত হয়েছেন ৩৫০ জন। আগের বছর মোট ৮৩৩ জন ত্রাণকর্মী নিহত, আহত বা অপহৃত হয়েছিলেন। সেই বছর নিহত হয়েছিলেন ৩৮৭ জন। কানাডা ও অস্ট্রেলিয়ার অর্থায়নে পরিচালিত এইড ওয়ার্কার সিকিউরিটি ডেটাবেজ ত্রাণকর্মীদের বিরুদ্ধে ঘটনা বড়ো ধরনের নিরাপত্তা-সংক্রান্ত ঘটনাগুলোর তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করে। এইড ওয়ার্কার সিকিউরিটি ডেটাবেজ-এর তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ত্রাণকর্মীদের জন্য সবচেয়ে প্রাণঘাতী স্থান ছিল গাজা। গত বছর ১৮৬ জন মানবিক সহায়তা কর্মী নিহত হন সেখানে। এরপরই রয়েছে সুদান। ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের সংস্থা (ইউএনআরডাব্লিউএ) জানিয়েছে, ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েল-গাজা যুদ্ধ শুরুর পর থেকে সেখানে তাদের অন্তত ৩৯৩ জন কর্মী নিহত হয়েছেন। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ত্রাণকর্মীদের বিরুদ্ধে সহিংসতার মাত্রাকে `ভয়াবহ' হিসেবে উল্লেখ করে সব দেশের প্রতি যুদ্ধকালীন নিয়ম-কানুন মেনে চলার এবং অপরাধীদের জবাবদিহিতার আওতায় আনার আহ্বান জানিয়েছেন। বিশ্ব মানবিক দিবস উপলক্ষ্যে নিউ ইয়র্ক ও জেনেভায় নিহত ত্রাণকর্মীদের স্মরণে বিশেষ কর্মসূচি পালনের আগে তিনি বলেন, ”অন্যের সেবা করাটা আগের চেয়ে অনেক বিপজ্জনক হয়ে পড়েছে।„ জাতিসংঘের ত্রাণ কার্যক্রমের প্রধান টম ফ্লেচার বলেন, সংঘাতপূর্ণ এলাকায় ব্যাপক হারের সস্তা ও সহজে ব্যবহারযোগ্য সশস্ত্র ড্রোনের ব্যবহার বৃদ্ধি

ত্রাণকর্মীদের জন্য ঝুঁকি বাড়িয়েছে। গত মার্চে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের পূর্বাঞ্চলীয় শহর গোমায় ড্রোন হামলায় এক ফরাসি ত্রাণকর্মীসহ অন্তত তিনজন নিহত হন। এছাড়া সুদান ও ইউক্রেনেও ত্রাণবাহী গাড়িবহরে একাধিক হামলার ঘটনা ঘটে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রনি)

## দুই মন্ত্রীর ‘বাংলাদেশে আদিবাসী নেই, মন্তব্য প্রত্যাহারের দাবি ৪৪ নাগরিকের

বাংলাদেশে জনগোষ্ঠীর অস্তিত্ব অস্বীকার করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপনের দেওয়া বক্তব্যের প্রতিবাদ জানিয়েছেন দেশের ৪৪ জন বিশিষ্ট নাগরিক। দুই মন্ত্রীর এমন বক্তব্যকে সংবিধান, আন্তর্জাতিক আইন ও রাষ্ট্রীয় আইনের সঙ্গে সাংঘর্ষিক উল্লেখ করে তা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছেন তারা। এক যৌথ বিবৃতিতে তারা বলেন, কোনো দায়িত্বশীল পদে থেকে এ ধরনের বিভ্রান্তিকর ও অনভিপ্রেত বক্তব্য কেবল আদিবাসী জাতিগোষ্ঠীর স্বতন্ত্র পরিচয় ও স্বীকৃত অধিকারকে হুমকির মুখে ঠেলে দেয় না, বরং আন্তর্জাতিক অঙ্গনেও দেশের ভাবমূর্তি, মর্যাদা ও বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করার আশঙ্কা সৃষ্টি করতে পারে। যৌথ বিবৃতিতে স্বাক্ষর করা ৪৪ জন অবিলম্বে দুই মন্ত্রীকে তাদের বক্তব্য প্রত্যাহার করে জনমনে সৃষ্ট সংশয় ও বিভ্রান্তি দূর করার দাবি জানান। বিবৃতিতে স্বাক্ষর করেছেন সুলতানা কামাল, খুশী কবির, শিরীন পারভিন হক, রাশেদা কে চৌধূরী, ইফতেখারুজ্জামান, শাহীন আনাম, জেড আই খান পান্না, আবু সাঈদ খান, মং উষা থোরাই, শহিদুল আলম, সারা হোসেন, শামসুল হুদা, সুব্রত চৌধুরী, তবারক হোসেন, রেহেনুমা আহমেদ, সুমাইয়া খায়ের, সামিনা লুৎফা, জোবাইদা নাসরীন, তাসনিম সিরাজ মাহবুব, মির্জা তাসলিমা সুলতানা, ফিরদৌস আজীম, ফস্টিনা পেরেইরা, মোশরেকা অদিতি হক, সালমা আলী, পাভেল পার্থ, সায়দিয়া গুলরুখ, রোজিনা বেগম, বিলু কবীর, মনিন্দ্র কুমার নাথ, সালেহ আহমেদ, পারভেজ হাসেম, জাকির হোসেন, সাঈদ আহমেদ, শাহেদ কায়েস, মিঠুন রাকসান, হাফিজ রশিদ খান, দীপায়ন খীসা, জাহেদ হাসান, আমিনুর রসুল, জুয়েল মারাক, ইন্টু মনি তালুকদার, হানা শামস আহমেদ, নাসরিন খন্দকার ও হিরণ মিত্র চাকমা।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুলকে ভোট দিতে এমপিদের আহ্বান প্রধানমন্ত্রীর

রাষ্ট্রপতি নির্বাচনে দলীয় প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে সংসদ সদস্যদের ভোট চেয়েছেন বিএনপির চেয়ারম্যান, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে বৃহস্পতিবার নির্বাচনে সব সংসদ সদস্যকে উপস্থিত থাকতে বলেছেন তিনি। বুধবার জাতীয় সংসদ ভবনে সরকারদলীয় সংসদ সদস্যদের সভা শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান চিফ হুইপ নুরুল ইসলাম মনি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সংসদীয় দলের এ সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার জাতীয় সংসদে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে সরকারদলীয় প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার প্রতিদ্বন্দ্বী হিসেবে রয়েছেন কর্নেল (অব.) অলি আহমদ। চিফ হুইপ নুরুল ইসলাম বলেন, ”আমাদের দলের চেয়ারম্যান, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান আজকের সংসদীয় দলের সভায় সব সংসদ সদস্যের কাছে মির্জা ফখরুলের জন্য ভোট চেয়েছেন এবং আগামীকাল সবাইকে উপস্থিত থাকতে বলেছেন।„ নির্বাচন কমিশন ও জাতীয় সংসদ স্বচ্ছতার জন্য ভোটগ্রহণ ও ফল ঘোষণার কিছু অংশ সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত নিয়েছে। নুরুল ইসলাম জানান, বৃহস্পতিবার দুপুর ২টায় ভোটগ্রহণ শুরু হয়ে বিকেল ৫টা পর্যন্ত চলবে। এরপর ভোট গণনা ও ফল ঘোষণা করা হবে। চিফ হুইপ বলেন, ভোট শুরুর পাঁচ মিনিট আগে থেকে সরাসরি সম্প্রচার শুরু হবে। প্রধানমন্ত্রী, স্পিকার, বিরোধীদলীয় নেতা এবং রাষ্ট্রপতি পদে প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর কীভাবে ভোট দিচ্ছেন, তা সরাসরি দেখানো হবে। ভোটগ্রহণের মাঝের সময়ের কার্যক্রম রেকর্ড করা হবে। ভোট শেষ হওয়ার পাঁচ মিনিট আগে থেকে ফল ঘোষণা পর্যন্ত আবার সরাসরি সম্প্রচার করা হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## চালুর পরদিনই মহিলা বাসে যাত্রী নেই

নারীদের নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময় যাতায়াত নিশ্চিত করতে রাজধানীর বিভিন্ন রুটে ‘মহিলা বাস সার্ভিস, চালু করেছে বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন (বিআরটিসি)। তবে উদ্বোধনের পরদিনই দেখা গেলো ফাঁকা মহিলা বাস। সড়কে চলাচলকারী মহিলা বাস সার্ভিসে অধিকাংশ আসন ফাঁকা ও হাতে গোনা যাত্রী নিয়ে চলাচলের চিত্র দেখা মিললেও সাধারণ গণপরিবহণে মহিলা যাত্রীর উপস্থিতি ছিল চোখে পরার মতো। একইসঙ্গে এদিন সকালের শুরুতে গন্তব্যমুখী নারীদের সাধারণ গণপরিবহণের গেটে ঝুলে চলাচল করতেও দেখা গেছে। বুধবার (১৯ আগস্ট) সকাল আনুমানিক ৯টার পর পর রাজধানীর শ্যামলী বাস পয়েন্ট অতিক্রম করতে দেখা যায় মিরপুর-১০ নম্বর থেকে ছেড়ে আসা মতিঝিলগামী একটি মহিলা বাস সার্ভিস। এসময় বাইরে থেকে ওই বাসটির দোতলায় কোনো যাত্রী না থাকায় সম্পূর্ণ আসন ফাঁকা থাকতে দেখা গেছে। তবে বাসটির নিচতলায় ৪-৫ জন মহিলা যাত্রীকে আসনে বসে থাকতে দেখা গেছে। এছাড়া সব আসন ফাঁকা নিয়ে গাড়ি চলাচল করতে দেখা গেছে। তবে এসময় বাসটির পেছন গেটে একজন

পুরুষ যাত্রী ও চালকের সহকারীর আসনে একজন পুরুষকে দেখা গেছে। সকাল ৯টার পর শ্যামলী বাস পয়েন্ট অতিক্রম করা গাড়িটির পিছু নেয় জাগো নিউজ। কয়েকটি বাস পয়েন্ট অতিক্রম করে আনুমানিক সকাল সাড়ে ৯টার দিকে আড়ং ট্রাফিক সিগনাল পেরিয়ে সংসদ ভবন পর্যন্ত গাড়িটির পিছু নিয়ে গাড়িটিতে কোনো যাত্রী উঠতে ও নামতে দেখা যায়নি। ফলে যাত্রী সংকটে গাড়িটি কোনো বাস পয়েন্টে না দাঁড়ানোয় চালক বা চালকের কারো বক্তব্য পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## কোনো শর্ত দিয়ে বন্ধুত্ব হয় না : রিজভী

বাংলাদেশ সব দেশের সঙ্গে সমতার ভিত্তিতে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে চায় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য রুহুল কবির রিজভী। তিনি বলেন, কোনো শর্ত দিয়ে বন্ধুত্ব হয় না। প্রত্যেক দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে সম্মান করার ভিত্তিতেই সম্পর্ক হতে হবে। বুধবার (১৯ আগস্ট) রাজধানীর জিয়া উদ্যানে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দলের নেতা-কর্মীদের নিয়ে সমাধিতে শ্রদ্ধা জানান রুহুল কবির রিজভী। এই বিএনপি নেতা বলেন, ”বাংলাদেশ স্বাধীন-সার্বভৌম দেশ। বাংলাদেশ সমতার ভিত্তিতে সবার সঙ্গে বন্ধুত্ব করতে চায়। কিন্তু কোনো শর্ত দিয়ে বন্ধুত্ব হয় না।„ তিনি বলেন, যদি অন্য কিছু না থাকে, তাহলে অবশ্যই সমতার ভিত্তিতে, মিউচুয়াল রেসপেক্টের ভিত্তিতে এবং সার্বভৌমত্বকে শ্রদ্ধা করার ভিত্তিতে সব দেশের সঙ্গেই আমাদের প্রধানমন্ত্রী সম্পর্ক রাখবেন। তিনি যাবেন, আমরাও সবাইকে আমন্ত্রণ জানাবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## জ্বালানি তেলের মজুত দেড় মাস থেকে ছয় মাসে উন্নীত করবে সরকার

বর্তমানে দেশে দেড় মাসের জ্বালানি তেলের মজুত রয়েছে উল্লেখ করে সরকার সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ হিসেবে এটিকে ছয় মাসে উন্নীত করার পরিকল্পনা করছে বলে জানিয়েছেন পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি। তিনি বলেছেন, বর্তমানে দেড় মাসের তেলের মজুত আছে। এটি দ্রুতই তিন মাস করা হবে। আমরা সুদূরপ্রসারী পরিকল্পনা হিসেবে এটিকে ছয় মাস করার পরিকল্পনা করছি। বুধবার (১৯ আগস্ট) আগারগাঁওয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ে জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) সভা শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, মহেশখালীতে ভাসমান এলএনজি টার্মিনালে বয়লার বা কারিগরি ত্রুটির কারণে গ্যাস সরবরাহে সমস্যা তৈরি হয়েছিল। এটি সমাধান হয়েছে। গ্যাস-বিদ্যুৎ চাহিদা অনুযায়ী আমাদের নেই। এর সমাধানে সরকার গ্যাস উৎপাদন ও নবায়নযোগ্য বিদ্যুতে যাচ্ছে। সরকার বিদ্যুৎ ব্যবস্থাকে আরও উন্নত করবে। জোনায়েদ সাকি বলেন, বিদ্যুৎ সংকট দূর করতে আমরা কাজ করছি। সাময়িক সংকট তৈরি হয়েছে, এটা দূর করা হচ্ছে। প্রয়োজন মেটাতে আমরা গ্যাস আমদানি করছি। তবে গ্যাস আমদানি করলেই হবে না, এলএনজি স্টেশনও লাগবে। এটি বসাতেও সময় লাগবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে ৪ আরও শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ৪ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ১৮টি শিশু। বুধবার (১৯ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মৃত্যু হয়েছে মোট ৮২৩টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৯টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গে এই সময়ে মোট ৯২২টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৮৭টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৯৩১। এই সময়ে ৭৮৭টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৯২৫টি শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ৪৫ হাজার ৭১১, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১৮ হাজার ৭৬। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ১ লাখ ২৭ হাজার ৭৬ রোগী, যাদের মধ্যে ১ লাখ ২২ হাজার ৮০৫ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## চুয়াডাঙ্গায় ভারতীয় নাগরিককে আটকের পর পুলিশে দিলো জনতা

চুয়াডাঙ্গার জীবননগর থেকে ভারতীয় এক নাগরিকসহ ৭ জনকে আটক করেছে পুলিশের কাছে সোপর্দ করেছে স্থানীয় জনতা। বুধবার (১৯ আগস্ট) সকালে বেনীপুর সীমান্ত দিয়ে কাঁটাতারের বেড়া পার হয়ে বাংলাদেশে প্রবেশের অভিযোগে তাদের আটক করা হয়। আটক পাঁচজন হলেন- বাগেরহাটের শরণখোলা উপজেলার আব্দুস শুকুর খান, সিলেটের শারমিন আক্তার রুমি, হামিদা, চাঁদপুরের নয়ন এবং ভারতের কলকাতার বাসিন্দা নিয়ান। তাদের সঙ্গে সীমান্ত পারাপারে সহায়তার অভিযোগে বেনীপুর সীমান্ত এলাকার হাসিবুল ও আসমাউল নামে আরও দুজনকে আটক

করা হয়েছে বলে স্থানীয়রা জানিয়েছেন। জানা গেছে, চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বেনীপুর সীমান্ত দিয়ে কাঁটাতারের বেড়া পার হয়ে বাংলাদেশে প্রবেশের অভিযোগে ভারতীয় এক নাগরিকসহ পাঁচজনকে আটক করেছে স্থানীয় জনতা। পরে তাদের জিজ্ঞাসাবাদে সীমান্ত পারাপারে সহায়তার অভিযোগে আরও দুই ব্যক্তিকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। স্থানীয় সূত্র জানায়, সকাল আনুমানিক ৬টার দিকে জীবননগর উপজেলার বেনীপুর সীমান্ত দিয়ে পাঁচজন বাংলাদেশে প্রবেশ করেন। সীমান্ত এলাকা থেকে তারা জীবননগর শহরের দিকে আসছিলেন। পরে জীবননগর বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে তাদের স্থানীয়দের সন্দেহ হয়। এ সময় তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। পরে খবর পেয়ে জীবননগর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের হেফাজতে নেয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## শিশুসহ প্রাণ গেল কুষ্টিয়ার সাংবাদিক দম্পতির

কলকাতার একটি আবাসিক হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণ হারিয়েছেন ৯ জন। এ ঘটনায় নিহত হয়েছেন সাংবাদিক দম্পতি ও তাদের শিশুসহ একই পরিবারের চারজন। একই পরিবারের নিহতরা হলেন- আজকের পত্রিকা ও চ্যানেল নাইনের কুষ্টিয়া প্রতিনিধি দেবাশীষ দত্ত (৪০), তার স্ত্রী আফসানা সিমমিন (২৫), তিন বছরের সন্তান স্বর্ণ শীষ দত্ত ও শ্বশুর আকরাম আলী (৬৪)। বুধবার (১৯ আগস্ট) ভোররাতে নিউমার্কেটের মির্জা গালিব স্ট্রিটের একটি আবাসিক হোটেলে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। কুষ্টিয়া প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও স্থানীয় দৈনিক আজকের আলো পত্রিকার সম্পাদক গাজী মাহবুব রহমান চারজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। দেবাশীষ দত্ত ওই পত্রিকার নির্বাহী সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এছাড়া দেবাশীষ দত্ত চ্যানেল নাইন ও দৈনিক আজকের পত্রিকার কুষ্টিয়া প্রতিনিধি হিসেবে কর্মরত ছিলেন। সাংবাদিক দেবাশীষ দত্তের বাড়ি কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া রাজারহাট এলাকায় এবং তার শ্বশুর আকরাম আলীর বাড়ি থানাপাড়া এলাকায়। পারিবারিক সূত্র জানায়, অসুস্থ স্ত্রীর চিকিৎসার জন্য গত ৩ আগস্ট চিকিৎসার জন্য দেবাশীষ দত্ত ভারতের ব্যাঙ্গালুরে গিয়েছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## হান্নান মাসউদের এমপি পদ শূন্য চেয়ে হাইকোর্টে রিট

নোয়াখালী-৬ (হাতিয়া) আসনের সংসদ সদস্য আবদুল হান্নান মাসউদের সংসদ সদস্য পদ শূন্য বা বাতিল ঘোষণার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। বুধবার (১৯ আগস্ট) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি করেন হাতিয়ার বাসিন্দা নাজমুল হোসেন। তার পক্ষে রিট আবেদনটি করেন অ্যাডভোকেট এবিএম ইব্রাহিম খলিল। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন আইনজীবী নিজেই। নাজমুল হোসেন হাতিয়ার তমরুদ্দির উত্তর বেজুগুলিয়ার মোশাররফ হোসেনের ছেলে। আইনজীবী ইব্রাহিম খলিল বলেন, হলফনামা সম্পর্কে অবগত না হয়েই আবদুল হান্নান মাসউদ তাতে স্বাক্ষর করে দাখিল করেছেন বলে তিনি নিজেই স্বীকার করেছেন। এ ঘটনাকে হলফনামা জালিয়াতি দাবি করে এর আইনগত প্রতিকার চেয়ে উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছেন তারা। রিটে হলফনামা জালিয়াতির অভিযোগে নোয়াখালী-৬ আসনটি কেন শূন্য ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারির নির্দেশনা চাওয়া হয়েছে। রিট আবেদনটি হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চে শুনানির জন্য রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## মাসিক সম্মানীর তালিকায় জামায়াত নেতার নাম, প্রকৃত ইমাম-খাদেমরাই বাদ!

যশোরের কেশবপুরে সরকারি উদ্যোগের আওতায় মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমদের জন্য বরাদ্দ দেওয়া মাসিক সম্মানীর তালিকায় প্রকৃতদের বাদ দিয়ে জামায়াত নেতাদের নাম অন্তর্ভুক্তি নিয়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পাঁজিয়া ইউনিয়নের গড়ভাঙ্গা বায়তুন নুর জামে মসজিদের প্রকৃত ইমাম ও খাদেমের নাম তালিকা থেকে বাদ দিয়ে স্থানীয় জামায়াত নেতাদের নাম অন্তর্ভুক্ত করার অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদে যশোর-৬ আসনের সংসদ সদস্যের (এমপি) কাছে লিখিত অভিযোগ দেওয়ার পর ওই মসজিদকেই তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি মাসে ইমামদের পাঁচ হাজার, মুয়াজ্জিনদের তিন হাজার ও খাদেমদের দুই হাজার টাকা হারে সম্মানী দেওয়ার লক্ষ্যে তালিকা আহ্বান করা হয়। কেশবপুরে প্রথম পর্যায়ে প্রতিটি ইউনিয়ন থেকে ১৫টি করে মসজিদের তালিকা সংগ্রহের কাজ চলছে। সিদ্ধান্ত অনুযায়ী, ইউনিয়নপ্রতি আটটি মসজিদের তালিকা স্থানীয় বিএনপি নেতা এবং সাতটি মসজিদের তালিকা সংসদ সদস্যের পক্ষ থেকে সরবরাহ করার কথা রয়েছে। সেই আলোকেই সংসদ সদস্যের অংশের ৭৭টি মসজিদের তালিকা প্রণয়নের দায়িত্ব দেওয়া হয়েছিল সংশ্লিষ্ট ইউনিয়নের নেতাদের। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## বিএসইসির ১৭ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসর, ৫ জনের বেতন অবনমন

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চাকরি বিধি লঙ্ঘনের দায়ে ১৭ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। একইসঙ্গে বিভিন্ন পর্যায়ের আরও পাঁচ কর্মকর্তার বেতন সর্বনিম্ন স্তর বা গ্রেডে নামিয়ে দেওয়ার শাস্তি দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) বিএসইসির কমিশন সভায় এ

সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে, গত ২৩ জুলাই অভিযুক্ত কর্মকর্তাদের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, তা জানতে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছিল। বিএসইসি সূত্রে জানা গেছে, গত বছরের ৫ মার্চ তৎকালীন চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ ও অন্যান্য কমিশনারকে কয়েক ঘণ্টা অবরুদ্ধ করে রাখার ঘটনায় সরকারের পক্ষ থেকে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়। ওই ঘটনার তদন্ত ও বিভাগীয় কার্যক্রম শেষে মোট ২৩ কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়। এর মধ্যে ২২ জনের বিরুদ্ধে মঙ্গলবার শাস্তি কার্যকর করেছে বিএসইসি। অপর একজন কর্মকর্তা এরই মধ্যে অন্য একটি অভিযোগে চাকরি থেকে বরখাস্ত হওয়ায় তার বিরুদ্ধে নতুন করে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। বাধ্যতামূলক অবসরে পাঠানো কর্মকর্তাদের মধ্যে রয়েছেন বিএসইসির নির্বাহী পরিচালক রেজাউল করিম, পরিচালক আবুল হাসান ও মোহাম্মদ ফখরুল ইসলাম মজুমদার, অতিরিক্ত পরিচালক নজরুল ইসলাম ও মোল্যা মো. মিরাজ উস সুন্নাহ, যুগ্ম পরিচালক রাশেদুল আলম, উপপরিচালক মো. নান্নু ভূঞা, কাজী মো. আল-ইসলাম, সহিদুল ইসলাম, বনী ইয়ামিন খান ও তৌহিদ হাসান, সহকারী পরিচালক আমিনুল হক খান, আবদুল বাতেন ও সাজ্জাদ হোসেন এবং ব্যক্তিগত কর্মকর্তা আবু ইউসুফ, কাওসার পাশা বৃষ্টি ও সমীর ঘোষ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## কারামুক্ত হলেন সাবেক প্রধান বিচারপতি খায়রুল হক

সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক কারাগার থেকে মুক্তি পেয়েছেন। বুধবার (১৯ আগস্ট) কেরানীগঞ্জের বিশেষ কারাগার থেকে তিনি মুক্তি পান। কারা অধিদপ্তরের সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। হত্যাচেষ্টা ও বিস্ফোরকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বনানী থানায় করা মামলায় ১০ আগস্ট হাইকোর্ট থেকে অন্তর্বর্তী জামিন পান খায়রুল হক। এর আগে, পৃথক আট মামলায় জামিন পাওয়ার পর বনানী থানার মামলায় তাকে গ্রেফতার করতে গত ২ জুলাই আদালতে আবেদন করেন তদন্ত কর্মকর্তা। ৮ জুলাই তাকে এ মামলায় গ্রেফতার দেখানো হয়। গত ২৭ জুলাই নিম্ন আদালত তার জামিন আবেদন নামঞ্জুর করেন। পরে ৯ আগস্ট হাইকোর্টে জামিন আবেদন করেন খায়রুল হক। শুনানি শেষে ১০ আগস্ট আদালত তাকে অন্তর্বর্তী জামিন দেন। এরপর আজ তিনি কারাগার থেকে মুক্তি পান। মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৪ আগস্ট রাজধানীর মহাখালীর সেতু ভবনের সামনে আন্দোলনকারীরা অবস্থান করছিলেন। সেখান থেকে শাহবাগের দিকে যাওয়ার সময় তাদের ওপর হামলা, গুলিবর্ষণ ও ককটেল নিক্ষেপ করা হয়। এতে উজ্জ্বল মিয়াসহ ২৫ থেকে ৩০ জন আহত হন। এ ঘটনায় উজ্জ্বল মিয়া বনানী থানায় হত্যাচেষ্টা ও বিস্ফোরকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## জনগণের প্রত্যাশা পূরণে কাজ করবে নতুন কমিশন : দুদক চেয়ারম্যান

দুর্নীতি দমন কমিশনের (দুদক) ভাবমূর্তি ফিরিয়ে আনার প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন সংস্থাটির নতুন চেয়ারম্যান বিচারপতি এ কে এম আসাদুজ্জামান। তিনি বলেন, কোনো চাপের মধ্যে না থেকে জনগণের প্রত্যাশা পূরণে কাজ করবে নতুন কমিশন। আমরা কাজ করা শুরু করে দিয়েছি। ইনশাআল্লাহ আগামী দিনে ভালো ফলাফল নিয়ে আসতে পারবো। দায়িত্ব নেওয়ার পর বুধবার (১৯ অক্টোবর) প্রথমবারের মতো কমিশনে আসেন দুদকের নতুন চেয়ারম্যান। পরে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। এরপর এদিন বিকেলে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন নতুন চেয়ারম্যান ও দুই কমিশনার। দুদক অতীতে রাজনৈতিক সরকারের সময় স্বাধীনভাবে কাজ করতে পারেনি-সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে চেয়ারম্যান বলেন, আমরা কোনো চাপের মধ্যে নেই। প্রথম কার্যদিবসের অভিজ্ঞতা তুলে ধরে বিচারপতি এ কে এম আসাদুজ্জামান বলেন, আজ আমাদের প্রথম কার্যদিবস। আমরা কাজ শুরু করেছি। আমরা যেন মানুষের প্রত্যাশা পূরণ করে, প্রত্যাশা অনুযায়ী দেশের জন্য কাজ করতে পারি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## বেপজার নিরাপত্তারক্ষীদের ওপর হামলা, ছিনিয়ে নেওয়া চোরসহ গ্রেফতার ৪

চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (সিইপিজেড) নিরাপত্তারক্ষীদের ওপর হামলা চালিয়ে চোর ছিনিয়ে নেওয়ার ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১৯ আগস্ট) সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে সিএমপি। গ্রেফতাররা হলেন- আসলাম শেখ (২৪), আব্দুল কাইয়ুম (৩২), মো. রাশেদ (৩৮) ও মো. রাসেল আলামিন (২৯)। মঙ্গলবার (১৮ আগস্ট) রাতে চট্টগ্রাম ইপিজেডের মেসার্স তারিক আজিম টেক্সটাইল লিমিটেডে চোর সন্দেহে এক ব্যক্তিকে আটক করেন বেপজার নিরাপত্তারক্ষীরা। পরে তাকে পুলিশের কাছে হস্তান্তরের সময় হামলা চালিয়ে ছিনিয়ে নেওয়া হয়। পুলিশ জানায়, মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে তারিক আজিম টেক্সটাইলে একদল চোর প্রবেশ করেছে- এমন খবরে বেপজার সহকারী নিরাপত্তা কর্মকর্তা আ.ব.ম. নাজির হোসেনের নেতৃত্বে টহল দল সেখানে যায়। নিরাপত্তারক্ষীদের উপস্থিতি টের পেয়ে চোরের দল পালানোর চেষ্টা করলে ধাওয়া করে আসলাম শেখকে আটক করা হয়। অন্যরা পালিয়ে যায়। পরে আসলামকে পুলিশের কাছে হস্তান্তরের জন্য সরকারি পিকআপে করে সিইপিজেড পুলিশ ফাঁড়িতে নেওয়া হচ্ছিল। পথে বেপজা সিকিউরিটি গেট থেকে প্রায় ২০ মিটার উত্তর-পূর্বে বিডি অ্যাপারেলসের গেটের সামনে ৩০ থেকে ৪০ জনের একটি দল গাড়ির গতিরোধ করে। এ সময় তারা গাড়ি ভাঙচুর করে এবং আটক

আসলাম শেখকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। নিরাপত্তারক্ষীরা বাধা দিলে দেশীয় অস্ত্র নিয়ে তাদের ওপর হামলা চালানো হয়। এক পর্যায়ে হামলাকারীরা নিরাপত্তারক্ষীদের মারধর করে এবং গাড়ি ভাঙচুরের পর আসলামকে জোরপূর্বক ছিনিয়ে নিয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## চীন থেকে অয়েল ট্যাংকার কেনার সমঝোতা, একনেকে অনুমোদন পায়নি প্রকল্প

আমদানি করা জ্বালানি পরিবহনে বিদেশি জাহাজের ওপর ক্রমবর্ধমান নির্ভরতা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করছে। এমন পরিস্থিতিতে দেশের জ্বালানি পরিবহন সক্ষমতা জোরদারে দুটি আধুনিক অয়েল ট্যাংকার কেনার উদ্যোগ নিয়েছিল সরকার। `অ্যাকুইজিশন অব টু প্রডাক্ট অয়েল ট্যাংকার্স, শীর্ষক এ প্রকল্পের আওতায় প্রতিটি ৪০ হাজার থেকে ৫৫ হাজার ডেডওয়েট টন ধারণক্ষমতার দুটি অয়েল ট্যাংকার কেনা হবে। যার প্রাক্কলিত মোট ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৪৫৭ কোটি ৮০ লাখ টাকা। তবে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়নি। প্রধানমন্ত্রী এবং একনেক চেয়ারপার্সন তারেক রহমানের সভাপতিত্বে পরিকল্পনা কমিশন চত্ত্বরে অবস্থিত এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এ সিদ্ধান্ত হয়। সম্প্রতি প্রধানমন্ত্রীর চীন সফরে অয়েল ট্যাংকার কেনার বিষয়ে চীনের সঙ্গে একটা সমঝোতা সই হয়। এজন্য দ্বৈততা পরিহার ও আরও যাচাই-বাছাই করার জন্য প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়নি। এই প্রসঙ্গে পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি বলেন, চীন থেকে অয়েল ট্যাংকার কেনার পরিকল্পনা আছে। প্রধানমন্ত্রী এই বিষয়ে সমঝোতা সই করেছেন। সেই কারণে এটা অনুমোদন করেনি। দ্বৈততার ব্যপার ঘটছে কি না এটা যাচাই করা হবে, কাজটা চলমান। একই প্রকল্প বারবার নেওয়া যায় না। সেটা বিবেচনা করে দ্বৈততা পরিহার করেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## নারীর দক্ষতা ও জীবনমান উন্নয়নে জাইকার সহযোগিতা চাইলেন মন্ত্রী

তৃণমূল নারীদের জীবনমান ও দক্ষতা বাড়াতে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কেন্দ্র সম্প্রসারণে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) কারিগরি সহযোগিতা চেয়েছেন মহিলা ও শিশুবিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন। বুধবার (১৯ আগস্ট) সচিবালয়ে মন্ত্রীর অফিস কক্ষে জাইকার প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ সহযোগিতা চান। জাইকার বাংলাদেশ অফিসের চিফ রিপ্রেজেন্টেটিভ তাকাহাশি জুনকোর নেতৃত্বে প্রতিনিধিদলটি মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। এ সময় মহিলা ও শিশুবিষয়ক সচিব ইয়াসমীন পারভীন উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গা নাগরিকদের মানবিক সহায়তা, নারী শিক্ষা, লিঙ্গ সমতা অর্জন, জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, সিদ্ধান্ত গ্রহণে নারীর অংশগ্রহণ, কিশোরীদের স্বাস্থ্যসেবা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য বিশেষায়িত বিদ্যালয় স্থাপন এবং ডিএনএ ল্যাব কার্যক্রম শক্তিশালীকরণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## মিরপুরে অবৈধ ব্যাটারি রিকশার গ্যারেজে অভিযান, ৭০ ব্যাটারি জব্দ

রাজধানীর মিরপুরে অবৈধ ব্যাটারিচালিত রিকশা ও অবৈধ বিদ্যুৎ সংযোগের বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক মিরপুর বিভাগ ও ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো)। মঙ্গলবার (১৮ আগস্ট) রাত সাড়ে ১০টা থেকে মিরপুর হাজী রোড, ঢাকা কমার্স কলেজ রোড, চিড়িয়াখানা রোড ও আল-কামাল হাউজিং এলাকায় ব্যাটারিচালিত রিকশার গ্যারেজগুলোতে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৭০টি ব্যাটারি জব্দ করা হয়েছে। পাশাপাশি ২৫টি অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ডিএমপির ট্রাফিক মিরপুর বিভাগ, সংশ্লিষ্ট থানা পুলিশ ও ডেসকোর সমন্বয়ে পরিচালিত অভিযানে ডিসি ট্রাফিক মিরপুর মোহাম্মদ ছানোয়ার হোসেন, এডিসি ট্রাফিক মিরপুর বিভাগ পরিত্রাণ তালুকদার, সংশ্লিষ্ট থানার পুলিশ সদস্য, ট্রাফিক মিরপুর বিভাগের সদস্য এবং ডেসকোর কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ট্রাফিক মিরপুর বিভাগের ডিসি মোহাম্মদ ছানোয়ার হোসেন জানান, অবৈধ ব্যাটারিচালিত রিকশার বিস্তার রোধ, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন এবং সড়কে শৃঙ্খলা ও জননিরাপত্তা নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## কলকাতায় অগ্নিকাণ্ডে ৮ বাংলাদেশির মৃত্যুতে ইসলামী আন্দোলনের শোক

ভারতের পশ্চিমবঙ্গের কলকাতায় নিউমার্কেটের কাছে মির্জা গালিব স্ট্রিটের একটি আবাসিক হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে শিশুসহ ৮ বাংলাদেশির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব শাহ ইফতেখার তারিক। বুধবার (১৯ আগস্ট) এক বিবৃতিতে তিনি এ শোক প্রকাশ করেন। বিবৃতিতে শাহ ইফতেখার তারিক বলেন, কলকাতার নাগরিক সেবাখাতের নিরাপত্তা নিয়ে উদ্বেগের যথেষ্ট কারণ রয়েছে। কলকাতার সেবাখাত অনেকাংশে বাংলাদেশের ওপর নির্ভরশীল। কিন্তু ভারত সরকার নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। স্থানীয় প্রশাসন ও নিয়ন্ত্রক সংস্থাগুলোর ব্যর্থতায় ঝুঁকি নিয়েই সেবাখাত গড়ে উঠেছে। এর পরিণতিতে ৮ বাংলাদেশি

নাগরিককে জীবন দিতে হলো। তিনি শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে বলেন, নিহতদের মরদেহ স্বজনদের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব ভারত ও বাংলাদেশ-দুই সরকারকেই নিতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ রিহাব)

## সীসামুক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইউনিসেফের সহযোগিতার আশ্বাস

সীসামুক্ত বাংলাদেশের জাতীয় কৌশল ও বহুবর্ষী কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারের পাশে থাকার আশ্বাস দিয়েছে ইউনিসেফ। বুধবার (১৯ আগস্ট) সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে সাক্ষাৎকালে এ আশ্বাস দেন ইউনিসেফ বাংলাদেশের ভারপ্রাপ্ত প্রতিনিধি জিলিয়ান মেলসপ। সাক্ষাৎকালে 'সীসামুক্ত বাংলাদেশের জাতীয় কৌশল ও বহুবর্ষী কর্মপরিকল্পনা (২০২৬ থেকে ২০৩৫), মন্ত্রিসভায় অনুমোদিত হওয়ায় মন্ত্রীকে ধন্যবাদ জানান জিলিয়ান মেলসপ। তিনি কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইউনিসেফের সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। এ সময় সীসা দূষণের পাশাপাশি অন্যান্য দূষণ থেকে শিশুদের সুরক্ষায় মন্ত্রণালয়ের কার্যক্রম আরও জোরদার করা হবে বলে জানান পরিবেশমন্ত্রী। বৈঠকে জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে শিশু ও কিশোর-কিশোরীদের সুরক্ষা এবং শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধিসহ অপরিহার্য সামাজিক সেবাগুলোকে জলবায়ু সহনশীল করে গড়ে তোলার বিষয়েও আলোচনা হয়। মন্ত্রী বলেন, শিশু ও তরুণরাই আজ ও আগামী দিনের জলবায়ু সহনশীল বাংলাদেশের কারিগর। তাই জলবায়ু কর্মপরিকল্পনায় শিশু ও তরুণ প্রজন্মকে অগ্রাধিকার দিতে হবে। এ সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়নে প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয় কাজ করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## কারা মহাপরিদর্শক মোতাহের হোসেনকে সরিয়ে দেওয়া হয়েছে

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোহাম্মদ মোতাহের হোসেনকে সরিয়ে দিয়েছে সরকার। তাকে সেনাবাহিনীতে ফিরিয়ে নেওয়া হয়েছে। এজন্য তার চাকরি সশস্ত্র বাহিনী বিভাগে ন্যস্ত করা হয়েছে। বুধবার (১৯ আগস্ট) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মোতাহের হোসেন ২০২৪ সালের ১১ আগস্ট কারা মহাপরিদর্শক হিসেবে দায়িত্ব নিয়েছিলেন। এই রিপোর্ট লেখা পর্যন্ত নতুন করে কাউকে কারা মহাপরিদর্শক নিয়োগ দেওয়া হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## অতিরিক্ত ও সহকারী পুলিশ সুপার পদমর্যাদার ১৩ কর্মকর্তা বদলি

অতিরিক্ত ও সহকারী পুলিশ সুপার পদমর্যাদার ১৩ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। বুধবার (১৯ আগস্ট) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত পৃথক তিনটি প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। বদলি হওয়া কর্মকর্তাদের মধ্যে ট্যুরিস্ট পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার নাদিয়া ফারজানাকে র‍্যাবে, পুলিশ স্টাফ কলেজের অতিরিক্ত পুলিশ সুপার আরিফা আশরাফ পিংকিকে ডিএমপিতে, রাজবাড়ী সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার শহিদুল ইসলামকে বান্দরবান সদর সার্কেলে এবং সিআইডির অতিরিক্ত পুলিশ সুপার আবু তালেবকে পটুয়াখালীর কলাপাড়া সার্কেলে বদলি করা হয়েছে। এ ছাড়া র‍্যাবের সহকারী পুলিশ সুপার মো. মাহফুজুর রহমানকে রাঙামাটির বাঘাইছড়ি সার্কেলে, এইচ এম গোলাম রাব্বিকে ঝিনাইদহের শৈলকুপা সার্কেলে, এ আর এম মোজাফফর হোসেনকে চট্টগ্রামের মীরসরাই সার্কেলে এবং মো. মশিহুর রহমান সোহেলকে বাগেরহাটের ফকিরহাট সার্কেলে বদলি করা হয়েছে। অন্যদিকে, বাগেরহাটের ফকিরহাট সার্কেলের সহকারী পুলিশ সুপার মো. রাশেদুল ইসলাম রানাকে বরিশালের মেহেন্দিগঞ্জ সার্কেলে এবং ঝিনাইদহের শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার মো. আখতারুজ্জামানকে সাতক্ষীরার তালা সার্কেলে বদলি করা হয়েছে। আরেক প্রজ্ঞাপনে- ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. মোস্তাফিজুর রহমানকে পুলিশ সদর দপ্তরে (টিআর পদে) এবং এসবির অতিরিক্ত পুলিশ সুপার মো. আশিকুর রহমান খানকে পুলিশ সদর দপ্তরে (টিআর পদে) বদলি করা হয়েছে। আরেক প্রজ্ঞাপনে নোয়াখালী পিটিসির অতিরিক্ত পুলিশ সুপার খন্দকার রবিউল আরাফাতকে রাঙামাটি বেতবুনিয়ার পিএসটিএসে সংযুক্ত করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## কাতার গেলেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী, দ্রুত এলএনজি পেতে আলোচনার আভাস

কাতারের সঙ্গে দীর্ঘমেয়াদি এলএনজি সরবরাহ চুক্তি থাকলেও চলমান মধ্যপ্রাচ্য সংকটে নির্ধারিত কার্গো পাওয়া নিয়ে অনিশ্চয়তায় পড়েছে বাংলাদেশ। এ পরিস্থিতিতে দ্রুত এলএনজি সরবরাহ নিশ্চিত করতে কাতারের সঙ্গে আলোচনা করতে দেশটিতে সফর করছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের নেতৃত্বাধীন উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের সদস্য হিসেবে তিনি মঙ্গলবার (১৮ আগস্ট) কাতার পৌঁছেছেন। দু-দিনের এ সফরে দ্বিপক্ষীয় সম্পর্কের পাশাপাশি জ্বালানি সহযোগিতা বিশেষ গুরুত্ব পাচ্ছে বলে জানিয়েছে সূত্র। বুধবার (১৯ আগস্ট) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও পেট্রোবাংলার একাধিক সূত্র জাগো নিউজকে প্রতিমন্ত্রীর সফরের বিষয়টি নিশ্চিত করেছেন। তবে সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এ বিষয়ে কিছু জানানো

হয়নি। সূত্র জানায়, প্রতিমন্ত্রীর সফরের অন্যতম উদ্দেশ্য হলো কাতার থেকে কীভাবে দ্রুত সময়ের মধ্যে এলএনজি পাওয়া যায়, সে বিষয়ে দেশটির সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করা। বিশেষ করে দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় আটকে থাকা এলএনজি কার্গো দ্রুত পাওয়ার সম্ভাবনা, সরবরাহ স্বাভাবিক হওয়ার সময়সূচি এবং বিকল্প ব্যবস্থা নিয়ে আলোচনা হতে পারে। বর্তমানে বাংলাদেশে গ্যাসের চাহিদার তুলনায় সরবরাহে ঘাটতি রয়েছে। ফলে এলএনজি সরবরাহে যে কোনো ধরনের বিঘ্ন সরাসরি বিদ্যুৎ উৎপাদন, শিল্প ও অন্যান্য খাতে প্রভাব ফেলছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জাগো নিউজকে বলেন, পররাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে বিদ্যুৎ প্রতিমন্ত্রী কতারে গিয়েছেন। সেখানে সংশ্লিষ্টদের সঙ্গে তিনি কথা বলবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## প্রধানমন্ত্রীর খালাতো ভাইয়ের সোয়া কোটি টাকা ছিনতাই, মূলহোতা গ্রেফতার

রাজধানীর উত্তরা এলাকায় ব্যাংকে জমা দিতে যাওয়ার পথে ডিএল পেট্রোল পাম্পের এক কোটি ২১ লাখ ২৫ হাজার টাকা ছিনতাইয়ের ঘটনায় মূলহোতাকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। প্রতিষ্ঠানটি প্রধানমন্ত্রী তারেক রহমানের খালাতো ভাই তাসীন আক্তার হকের বলে জানা গেছে। বুধবার (১৯ আগস্ট) তাকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। র‍্যাব জানায়, এ ঘটনায় বিস্তারিত তথ্য বৃহস্পতিবার (২০ আগস্ট) আয়োজিত সংবাদ সম্মেলনে জানানো হবে। গত ১৪ আগস্ট ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। তারা হলেন- মো. ইলিয়াস শিকদার (৩৬), জাফর (৩৬), মো. রবিউল ইসলাম ওরফে রুবেল (৩৪), মিন্টু রাড়ী (২৩) ও সাগর বাড়ৈ (৪০)। গ্রেফতারকালে তাদের কাছ থেকে ৪টি ৭.৬৫ মিমি পিস্তল, ৬টি ম্যাগাজিন, ২১ রাউন্ড গুলি, লুণ্ঠিত নগদ ১২ লাখ টাকা, র‍্যাবের ভুয়া পরিচয়পত্র, ভেস্ট, ক্যাপ, ওয়াকিটকি, হাতকড়া, বিভিন্ন নম্বর প্লেট, একটি মোটরসাইকেলসহ অন্যান্য সরঞ্জাম উদ্ধার করা হয়।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশের জ্বালানি নিরাপত্তায় সহযোগিতার আশ্বাস কাতার প্রধানমন্ত্রীর

বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুর রহমান বিন জসিম আল থানি। তিনি বাংলাদেশকে ভ্রাতৃপ্রতিম দেশ হিসেবে উল্লেখ করে বর্তমান চ্যালেঞ্জিং পরিস্থিতিতে এ সহযোগিতার আশ্বাস দেন। বুধবার (১৯ আগস্ট) দোহায় কাতারের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। বৈঠকে আশ্বাস দেন কাতারের প্রধানমন্ত্রী। বৈঠকে ড. খলিলুর রহমান কাতারের নেতৃত্বের প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা পৌঁছে দেন। একই সঙ্গে বাংলাদেশের পক্ষ থেকে কাতারের প্রতি সংহতি প্রকাশ করেন তিনি। আঞ্চলিক শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় কাতারের গঠনমূলক ও দায়িত্বশীল ভূমিকার প্রশংসা করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ ড. খলিলুর রহমানকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান। পাশাপাশি তার দায়িত্ব সফলভাবে পালনে কাতারের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা ও সমর্থন অব্যাহত রাখার কথা পুনর্ব্যক্ত করেন। বৈঠকে দুই দেশের দ্বিপক্ষীয় সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়। এ সময় ড. খলিলুর রহমান কাতারের প্রধানমন্ত্রীকে তার সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। পরে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ আল-মুরাইখির সঙ্গে বৈঠক করেন। বৈঠকে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকগুলোতে প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং উভয় দেশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

## কার্গো সংকটে এক্সিলারেট থেকে কমেছে গ্যাস সরবরাহ

কার্গো সংকটে মহেশখালীর এক্সিলারেট এনার্জির ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট (এফএসআরইউ) থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহ কমে এসেছে। ফলে জাতীয় গ্যাস গ্রিডে দুইটি টার্মিনাল থেকে দৈনিক প্রায় ৫৫০ থেকে ৫৭০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) গ্যাস সরবরাহ করা হচ্ছে। বুধবার (১৯ আগস্ট) রাতে জাগো নিউজকে এসব তথ্য জানিয়েছেন রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেডের (আরপিজিসিএল) এক কর্মকর্তা। এর আগে, মঙ্গলবার দুই টার্মিনাল থেকে জাতীয় গ্রিডে ৬২৪ দশমিক ৬ এমএমসিএফডি গ্যাস সরবরাহ করা হয়েছিল। অর্থাৎ একদিনের ব্যবধানে সরবরাহ কমেছে প্রায় ৫৫ থেকে ৭৫ এমএমসিএফডি। ওই কর্মকর্তা বলেন, এলএনজি কার্গো সংকটে এক্সিলারেট এনার্জির এফএসআরইউ থেকে সরবরাহ কিছুটা কমেছে। তবে বর্তমানে প্রায় ৫৫০-৫৭০ এমএমসিএফডি সরবরাহ অব্যাহত রয়েছে। গত ২১ জুলাই মহেশখালীতে এক্সিলারেট এনার্জির এফএসআরইউতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে টার্মিনালটির কার্যক্রম বন্ধ হয়ে জাতীয় গ্যাস গ্রিডে এলএনজি সরবরাহে বড়ো ধরনের ঘাটতি তৈরি হয়। দীর্ঘদিন বন্ধ থাকার পর মেরামত শেষে গত ৬ আগস্ট থেকে টার্মিনালটি সীমিত পরিসরে গ্যাস সরবরাহ শুরু করে। টার্মিনালটির স্বাভাবিক রিগ্যাসিফিকেশন সক্ষমতা প্রায় ৬০০

এমএমসিএফডি। অগ্নিকাণ্ডের পর এখনো টার্মিনালটির সরবরাহ পুরোপুরি স্বাভাবিক হয়নি। আগুনে একটি বয়লার ক্ষতিগ্রস্ত হওয়ায় সেটি এখনো চালু করা সম্ভব হয়নি। অপর বয়লারটি মেরামতের পর সীমিত সক্ষমতায় গ্যাস সরবরাহ করছে। ফলে টার্মিনালটি এখনো পূর্ণ সক্ষমতায় ফিরতে পারেনি। এদিকে, আবহাওয়াজনিত কারণে গত কয়েক দিন ধরে সামিটের এফএসআরইউ থেকেও তুলনামূলক কম পরিমাণ এলএনজি পাওয়া যাচ্ছে। এতে জাতীয় গ্যাস গ্রিডে সরবরাহ আরও কমেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৮.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## হালাল খাদ্যসংস্কৃতি ও মূল্যবোধ মানবসভ্যতার জন্য সম্পদ : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, হালাল খাদ্যসংস্কৃতি ও মূল্যবোধ শুধু মুসলিম বিশ্বের জন্য নয়, সমগ্র মানবসভ্যতার জন্যও একটি বড়ো সম্পদ ও শক্তিতে পরিণত হতে পারে। তিনি বলেন, ”হালাল পণ্য ও সংস্কৃতির বিকাশ শুধু একটি ধর্মীয় বা সাংস্কৃতিক বিষয় নয়, এটি বৈশ্বিক অর্থনীতি ও মানবকল্যাণের সঙ্গেও সরাসরি সম্পর্কিত। বিশ্ববাজারে হালাল খাদ্যের একটি বিশাল বাজার রয়েছে এবং ভোক্তা ও বিনিয়োগকারী উভয়েই এই খাতের সম্ভাবনাকে কাজে লাগাতে প্রস্তুত।„ বুধবার রাজধানীর একটি অভিজাত হোটেলে মালয়েশিয়ান হাইকমিশন আয়োজিত `থিংক হালাল, গ্রো গ্লোবাল, শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ধর্মীয় ও সামাজিক ক্ষেত্রে বাংলাদেশ ও মালয়েশিয়ার অভিন্ন মূল্যবোধের কথা উল্লেখ করে জহির উদ্দিন স্বপন বলেন, দুই দেশ যৌথভাবে তাদের অভিন্ন মূল্যবোধ, সংস্কৃতি ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে হালাল শিল্পের বিকাশ ও বিশ্ববাজারে এর পরিধি সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। হালাল পণ্যের বৈশ্বিক চাহিদার কথা তুলে ধরে মন্ত্রী উদ্যোক্তা, বিনিয়োগকারী, ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, ”বিনিয়োগকারীদের জন্য সঠিক ধারণা, তথ্য, জ্ঞান ও সুনির্দিষ্ট ব্যবসায়িক কাঠামো তৈরি করতে হবে। সঠিক ধারণা ও জ্ঞানের সঠিক সমন্বয় ঘটাতে পারলে তা বাজারে ইতিবাচক প্রভাব ফেলবে এবং সাধারণ ভোক্তাদের মধ্যেও হালাল পণ্যের গ্রহণযোগ্যতা বহুগুণ বাড়াবে।„ সম্প্রতি প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফরের কথা স্মরণ করে তথ্যমন্ত্রী বলেন, কুয়ালালামপুর সফরকালে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম যেভাবে আমাদের প্রধানমন্ত্রীকে স্বাগত জানিয়েছেন, তা দুই দেশের গভীর বন্ধুত্বের এক উজ্জ্বল দৃষ্টান্ত। বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে তিনি মালয়েশিয়া সরকার এবং দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। জহির উদ্দিন স্বপন আরও বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ার সম্পর্কের ভিত্তি শুধু কূটনৈতিক যোগাযোগের মধ্যে সীমাবদ্ধ নয়, জনগণের মূল্যবোধ ও পারস্পরিক সহযোগিতার মধ্যদিয়েই এই সম্পর্ক টিকে আছে। হালাল শিল্প দুই দেশের মধ্যে অর্থনৈতিক ও কূটনৈতিক সহযোগিতার একটি গুরুত্বপূর্ণ নতুন ক্ষেত্র হিসেবে কাজ করবে। সেমিনারে মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শুহাদা ওথমান ও বাংলাদেশ মালয়েশিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সভাপতি আনোয়ার শাহিদ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বাংলাদেশ ও মালয়েশিয়ার শীর্ষ ব্যবসায়ী, বিনিয়োগকারী, উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট খাতের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## সাশ্রয়ী দামে ডেটানির্ভর স্মার্টফোন পৌঁছে দিতে উদ্যোগ নিয়েছে সরকার

দেশের মানুষের হাতে সাশ্রয়ী দামে ডেটানির্ভর স্মার্টফোন পৌঁছে দিতে উদ্যোগ নিয়েছে সরকার। স্থানীয়ভাবে উৎপাদিত অ্যান্ড্রয়েডভিত্তিক এসব স্মার্টফোনের দাম ৫০ থেকে ৬০ ডলারের মধ্যে রাখার পরিকল্পনা করা হচ্ছে। এর মাধ্যমে বর্তমানে ফিচার ফোন ব্যবহারকারী বিপুলসংখ্যক মানুষকে ডেটা নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্য নেয়া হয়েছে। বুধবার রাজধানীর তেজগাঁওয়ে `পাওয়ারিং দ্য ফিউচার : রবি কমপ্লিটস ঢাকা মডার্নাইজেশন, শীর্ষক অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এ তথ্য জানান প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ। রেহান আসিফ বলেন, ”দেশে এখনো প্রায় ৫০ শতাংশ মোবাইল ব্যবহারকারী ফিচার ফোন ব্যবহার করেন। মোট মোবাইল গ্রাহক প্রায় ১৪ কোটি হলে এর মধ্যে প্রায় ৭ কোটি মানুষ ফিচার ফোন ব্যবহার করছেন। বর্তমান সময়ে এই পরিস্থিতির পরিবর্তন জরুরি।„ তিনি বলেন, ”ডেটা ও সংযোগ ছাড়া টেলিযোগাযোগ খাতের অর্থবহ ভবিষ্যৎ নেই। ভালো নেটওয়ার্কের পাশাপাশি মানুষের হাতে সঠিক ডিভাইসও থাকতে হবে। এ জন্য ফিচার ফোন ব্যবহারকারীদের ডেটা-সক্ষম মোবাইল ফোনে নিয়ে আসতে সরকার সহায়তা করবে।„

(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## বন্ধুত্বপূর্ণ আমন্ত্রণে সাধুবাদ, স্বার্থ থাকলে এগোবে না বাংলাদেশ

স্বার্থ ছাড়া ভারত বন্ধুত্বপূর্ণ আমন্ত্রণ জানালে সরকার তাকে সাধুবাদ জানাবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দলের স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেন, তবে স্বার্থ থাকলে বাংলাদেশ এগোবে না। বাংলাদেশ স্বাধীনতা ও সার্বভৌমত্বে বিশ্বাস করে। বুধবার সকালে রাজধানীর জিয়া উদ্যানে বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে

এসব কথা বলেন তিনি। এদিন স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দলের নেতাকর্মীদের নিয়ে সেখানে শ্রদ্ধা জানান রিজভী। বিএনপির নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সরকারের নেওয়া বিভিন্ন কল্যাণমুখী কাজ জনগণের কাছে তুলে ধরতে স্বেচ্ছাসেবক দল মাঠে থাকবে বলেও আশা প্রকাশ করেন তিনি। যে-কোনো ষড়যন্ত্র ও প্রতিবন্ধকতা বিএনপির নেতাকর্মীরা শক্ত হাতে মোকাবিলা করবে বলেও জানান বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## কৃষিপণ্য আমদানি নির্ভরতা থেকে পর্যায়ক্রমে বেরিয়ে আসবে দেশ

কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, সরকারের প্রথম ১৮০ দিনে কৃষি মন্ত্রণালয়ের কার্যক্রম ও অগ্রগতি সন্তোষজনক। কৃষি উৎপাদন বৃদ্ধি, সংরক্ষণ সুবিধা সম্প্রসারণ এবং প্রযুক্তির ব্যবহার বাড়িয়ে দেশ পর্যায়ক্রমে কৃষিপণ্য আমদানি নির্ভরতা থেকে বেরিয়ে আসবে। কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে গতকাল এ কথা বলেন কৃষিমন্ত্রী। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেইজে এ তথ্য প্রকাশ করা হয়েছে। মন্ত্রী বলেন, ”দেশে বর্তমানে সারের কোনো সংকট নেই; বরং চাহিদার তুলনায় অতিরিক্ত সার মজুত রয়েছে। গত বছরের তুলনায় এবার সারের মজুতও বেশি। সারের কৃত্রিম সংকটের কথা বলে যারা বিভ্রান্তি তৈরি করছে, তা একটি পরিকল্পিত ষড়যন্ত্রের অংশ।„ কৃষি খাতের উন্নয়ন ও সরকারের বিভিন্ন লক্ষ্যমাত্রার অগ্রগতি তুলে ধরে মন্ত্রী জানান, প্রতি মাসে সাড়ে ৩ লাখ থেকে ৪ লাখ কৃষকের মধ্যে পর্যায়ক্রমে `কৃষক কার্ড, বিতরণ করা হবে। ইতোমধ্যে পাইলট পর্যায়ে প্রায় ১৪ লাখ কৃষকের ডেটাবেজ প্রস্তুত করা হয়েছে। তিনি জানান, গত ছয় মাসে ২৫ লাখ গাছের চারা রোপণের লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ২৪ লাখ ১৮ হাজারের বেশি চারা রোপণ করা সম্ভব হয়েছে। একই সময়ে ৪৭৮ দশমিক ৯ কিলোমিটার খাল খননের লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৭৫ দশমিক ৬১ কিলোমিটার খাল খনন সম্পন্ন হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## হামে আক্রান্ত শিশুদের ৮২ শতাংশই বুকের দুধ পায়নি : শিশু হাসপাতালের গবেষণা

হামে আক্রান্ত হয়ে মারা যাওয়া শিশুদের মধ্যে ৮২ শতাংশই শিশুই পরিপূর্ণ মায়ের বুকের দুধ পায়নি। আর শিশুদের ৬৫ শতাংশই অপুষ্টিতে ভুগছিল। এর মধ্যে ১২ শতাংশ শিশু তীব্র অপুষ্টি এবং ৫৩ শতাংশ শিশু মাঝারি অপুষ্টিতে ভুগছিল। বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট ও আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ পরিচালিত এক গবেষণায় এ তথ্য উঠে এসেছে। বুধবার রাজধানীর বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের অডিটোরিয়ামে শিশুদের হাম নিয়ে করা গবেষণার ফলাফল অবহিতকরণ সভায় এসব তথ্য তুলে ধরা হয়। গবেষণার মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাশিহাইয়ের পরিচালক অধ্যাপক মির্জা মোহাম্মদ জিয়াউল ইসলাম এবং আইসিডিডিআর,বির জ্যেষ্ঠ পরিচালক মুস্তাফিজুর রহমান। গবেষণায় হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৩৫৪ শিশুকে অন্তর্ভুক্ত করা হয়। এতে দেখা যায়, আক্রান্ত শিশুদের ৪৩ শতাংশের বয়স ৩ থেকে ৯ মাসের মধ্যে। এসব শিশুর ৩৮ শতাংশ জন্মের পর প্রথম ছয় মাস পূর্ণাঙ্গভাবে মায়ের বুকের দুধ পায়নি। মারা যাওয়া শিশুদের ক্ষেত্রে এই হার ৮২ শতাংশ। অর্থাৎ হামে মারা যাওয়া শিশুদের বড়ো একটি অংশ জীবনের প্রথম ছয় মাস পূর্ণাঙ্গভাবে মায়ের বুকের দুধ পায়নি। গবেষকেরা বয়স ও টিকা নেওয়ার তথ্যের ভিত্তিতে ৩৪১ শিশুকে চারটি দলে ভাগ করেন। নিয়মিত টিকা পাওয়ার বয়স হয়নি এমন ৯ মাসের কম বয়সি ১৪৬ শিশুর মধ্যে ১৪২ জনের, অর্থাৎ ৯৭ দশমিক ৩ শতাংশের হাম শনাক্ত হয়। টিকা নেওয়ার বয়স হলেও কোনো ডোজ না পাওয়া ১২৬ শিশুর মধ্যে ১২২ জনের বা ৯৭ শতাংশের হাম শনাক্ত হয়েছে। এক ডোজ টিকা নেওয়া ৪৮ শিশুর মধ্যে ৪৪ জনের বা ৯২ শতাংশ এবং দুই ডোজ টিকা নেওয়া ২১ শিশুর মধ্যে ১৬ জনের বা ৭৬ শতাংশের হাম শনাক্ত হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## মহাসড়কে নামানো হচ্ছে ৬০টি বেসিক লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স

সড়ক দুর্ঘটনায় আহতদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নেওয়া এবং দুর্ঘটনার পরের গুরুত্বপূর্ণ `গোল্ডেন আওয়ার, কাজে লাগাতে দেশের মহাসড়কগুলোতে শিগ্‌গিরই ৬০টি অত্যাধুনিক বেসিক লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স নামানো হচ্ছে বলে জানিয়েছেন সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. মনিরুজ্জামান। রাজধানীর তেজগাঁওয়ে সড়ক ভবনের প্রধান কার্যালয়ে নিজ দপ্তরে তিনি একথা জানান। সওজের প্রধান প্রকৌশলী বলেন, প্রাথমিক পর্যায়ে এই অ্যাম্বুলেন্সগুলো দিয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ মহাসড়ক করিডোরে পাইলট কার্যক্রম শুরু করা হবে। দুর্ঘটনার খবর পাওয়ার পর কেন্দ্রীয় কল সেন্টারের মাধ্যমে সবচেয়ে কাছের অ্যাম্বুলেন্স ঘটনাস্থলে পাঠানো হবে। পাশাপাশি মহাসড়কের পাশে নির্দিষ্ট দূরত্বে প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক বা `বাইস্ট্যান্ডার কেয়ার, কর্মী রাখার পরিকল্পনাও করা হয়েছে। তিনি বলেন, সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে দ্রুত চিকিৎসার আওতায় আনা গেলে প্রাণহানি অনেকাংশে কমানো সম্ভব। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## জরুরি ভিত্তিতে ১৪ কার্গো এলএনজি কেনার সিদ্ধান্ত

রাষ্ট্রীয় জরুরি প্রয়োজন ও জনস্বার্থে দেশে গ্যাসের সরবরাহ স্বাভাবিক রাখতে উন্মুক্ত দরপত্র ছাড়াই ১৪ কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরাসরি ক্রয় পদ্ধতিতে সাতটি প্রতিষ্ঠানের কাছ থেকে এসব এলএনজি কেনা হবে। প্রতিটি প্রতিষ্ঠানের কাছ থেকে দুই কার্গো করে এলএনজি কেনা হবে। বুধবার অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ-সংক্রান্ত প্রস্তাবে নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রস্তাব অনুযায়ী, দেশের গ্যাসের সরবরাহ স্বাভাবিক রাখতে জরুরি ভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতিতে সাতটি প্রতিষ্ঠানের কাছ থেকে মোট ১৪ কার্গো এলএনজি কেনা হবে। এর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনসহ শিল্প ও অন্যান্য খাতে গ্যাসের সরবরাহ অব্যাহত রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। বৈঠক সূত্রে জানা গেছে, সরকারি ক্রয় আইন ও বিধিমালা অনুসরণ করেই এসব এলএনজি কেনার প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এ ক্ষেত্রে সরকারি ক্রয় আইন, ২০০৬-এর ৬৮ ধারা এবং সরকারি ক্রয় বিধিমালা, ২০২৫-এর ১০৭, ৯৭ ও ৯৮ বিধি অনুসরণ করা হবে। প্রস্তাবটি পর্যালোচনা করে অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নীতিগত অনুমোদনের জন্য সুপারিশ করেছে। অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রক্রিয়া অনুসরণ করে সাতটি প্রতিষ্ঠানের সঙ্গে এলএনজি কেনার চুক্তি সম্পন্ন করা হবে। দেশের প্রাকৃতিক গ্যাসের চাহিদা ও সরবরাহের মধ্যে ঘাটতি পূরণে দীর্ঘদিন ধরেই আমদানিনির্ভর এলএনজির ওপর নির্ভর করছে সরকার। জরুরি ভিত্তিতে নতুন কার্গো আমদানির মাধ্যমে বিদ্যুৎ, শিল্প ও অন্যান্য খাতে গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখার চেষ্টা করছে সরকার।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর খালাতো ভাইয়ের সোয়া কোটি টাকা ছিনতাই, মূলহোতা গ্রেফতার

রাজধানীর উত্তরা এলাকায় ব্যাংকে জমা দিতে যাওয়ার পথে ডিএল পেট্রোল পাম্পের এক কোটি ২১ লাখ ২৫ হাজার টাকা ছিনতাইয়ের ঘটনায় মূলহোতাকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাব। প্রতিষ্ঠানটি প্রধানমন্ত্রী তারেক রহমানের খালাতো ভাই তাসীন আক্তার হকের বলে জানা গেছে। বুধবার তাকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। র‍্যাব জানায়, এ ঘটনায় বিস্তারিত তথ্য বৃহস্পতিবার আয়োজিত সংবাদ সম্মেলনে জানানো হবে। গত ১৪ আগস্ট ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। তারা হলেন- মো. ইলিয়াস শিকদার, জাফর, মো. রবিউল ইসলাম ওরফে রুবেল, মিন্টু রাড়ী ও সাগর বাড়ৈ। গ্রেফতারকালে তাদের কাছ থেকে ৪টি ৭.৬৫ মিমি পিস্তল, ৬টি ম্যাগাজিন, ২১ রাউন্ড গুলি, লুণ্ঠিত নগদ ১২ লাখ টাকা, র‍্যাবের ভুয়া পরিচয়পত্র, ভেস্ট, ক্যাপ, ওয়াকিটকি, হাতকড়া, বিভিন্ন নম্বর প্লেট, একটি মোটরসাইকেলসহ অন্যান্য সরঞ্জাম উদ্ধার করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## দেশে বিদ্যুৎ সংকটের জন্য বর্তমান সরকারের কোনো দায় নেই : ডা. জাহেদ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রধানমন্ত্রীর উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, দেশে বিদ্যুৎ সংকটের জন্য বর্তমান সরকারের নূন্যতম দায় নেই। মানুষ কষ্ট পাচ্ছে, তাই প্রধানমন্ত্রী জনগণের কষ্টের জন্য দুঃখ প্রকাশ করেছেন। আর আগে সরকার বলতো সব বন্ধ করে দেখাই আগে কী ছিল। এসব কথা বিগত দিনে বলা হয়েছে। বুধবার বিকেলে রংপুর বিভাগীয় কমিশনার কার্যালয় মিলনায়তনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. জাহেদ উর রহমান বলেন, এই সরকারকে জনগণ একটি বড়ো বিজয় এনে দিয়েছে। সরকার যে-কোনো মূল্যে জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করবে। সে লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। এক্ষেত্রে আপনাদের সহযোগিতা প্রয়োজন। তিনি বলেন, বিগত দিনে সরকারী কর্মকর্তা কাজ করেছেন এমন এক সরকারের সাথে যাদের নির্বাচিত হওয়ার কোনো দায় ছিল না। সেই সরকারের ইচ্ছে ছিল অনন্তকাল ধরে ভোট চুরি করে ক্ষমতায় থাকা। সুতরাং সেই সরকার দেশের জনগণের কথা ভাবেনি। যদি ভোটের ব্যবস্থা ঠিক থাকে, তাহলে সরকারগুলো সারাক্ষণ জনগণের কথা হিসেব করবে। তিনি বলেন, বর্তমান সরকারের ১৮০ দিন পার হয়েছে। উপদেষ্টা ও বিশেষজ্ঞরা সরকারের এই সময় মূল্যায়ন করছেন। আগামী ৬ মাস পর পর প্রতিটি মন্ত্রণালয়ের কাজ মূল্যায়ন করা হবে। এই প্রক্রিয়ার সাথে সরকারের সকল অংশকে যুক্ত হতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## কলকাতায় নিহতদের মরদেহ দ্রুত দেশে ফেরানো হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কলকাতায় ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহত বাংলাদেশিদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, এই ঘটনায় এখন পর্যন্ত নয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে, যার মধ্যে পাঁচজনই বাংলাদেশের। কলকাতায় বাংলাদেশের উপ-হাইকমিশন ইতোমধ্যে নিহতদের পরিবারের সঙ্গে যোগাযোগ করেছে বলেও জানান প্রতিমন্ত্রী।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## মোবাইলে কথা বলার খরচ কমানোর উদ্যোগ নিয়েছে বিইআরসি

মোবাইলে কথা বলার খরচ কমানোর উদ্যোগ নিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বিটিআরসি। গ্রাহকদের স্বার্থ বিবেচনায় বর্তমানে নির্ধারিত ভয়েস কলের সর্বনিম্ন রেট বা `ফ্লোর প্রাইস, কমানোর বিষয়ে কাজ চলছে বলে জানিয়েছে সংস্থাটি। বুধবার রাজধানীর আগারগাঁওয়ে বিটিআরসি ভবনে আয়োজিত গণশুনানিতে গ্রাহকের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানানো হয়। গণশুনানিতে দেশের টেলিযোগাযোগ সেবার মান, নেটওয়ার্ক কাভারেজ, কলড্রপ, ভয়েস ও ডাটার মূল্য, ডাটা ক্যারি-ফরওয়ার্ড, সিম নিবন্ধন, এনইআইআরসহ বিভিন্ন বিষয়ে গ্রাহকদের অভিযোগ ও প্রশ্নের জবাব দেন বিটিআরসির কর্মকর্তারা। গণশুনানিতে জামালপুর থেকে অংশ নেওয়া রকীব রায়হান কলরেট কমানোর পাশাপাশি গ্রামাঞ্চলে রাষ্ট্রায়ত্ত মোবাইল অপারেটর টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণের দাবি জানান। জবাবে বিটিআরসি জানায়, বর্তমানে ভয়েস কলের সর্বনিম্ন ট্যারিফ ৪৫ পয়সা এবং সর্বোচ্চ ২ টাকা নির্ধারিত রয়েছে। গ্রাহকদের সুবিধার কথা বিবেচনায় নিয়ে সর্বনিম্ন রেট বা ফ্লোর প্রাইস কমানোর বিষয়ে কাজ চলছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## ঈদে মিলাদুন্নবীর কর্মসূচি ঘোষণা

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপনে জাতীয় কর্মসূচি ঘোষণা করেছে সরকার। আগামী ২৬ আগস্ট বাংলাদেশে পালন হবে ঈদে মিলাদুন্নবী। দিনটি যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সঙ্গে উদ্‌যাপন করবে সরকার। ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানায়, ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দেবেন। এদিন সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সব স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে। কর্মসূচির অংশ হিসেবে ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড, লাইটপোস্ট, স্থান ও সড়ক জাতীয় পতাকা, রঙিন পতাকা এবং `কালিমা তাইয়্যিবা, লিখিত ব্যানারে সজ্জিত করা হবে। বাংলাদেশ সচিবালয় মসজিদসহ দেশের সব মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হবে। এ ছাড়া সব বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন, সিটি করপোরেশন, পৌরসভা ও সশস্ত্র বাহিনী বিভাগ নিজ নিজ অধিক্ষেত্রে আলোচনাসভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ইলেকট্রনিক মিডিয়ায় ওয়াজ মাহফিল, সেমিনার ও টক শো প্রচারের পাশাপাশি কিরাত, হামদ-নাত, স্বরচিত কবিতা পাঠসহ ছাত্র-ছাত্রীদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা ও আরবিতে খুতবা লেখা প্রতিযোগিতার আয়োজন করা হবে। স্মরণিকা বা ক্রোড়পত্র প্রকাশ এবং বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ প্রান্তে মাসব্যাপী ইসলামিক বইমেলার আয়োজন করবে প্রতিষ্ঠানটি। বিশ্ববিদ্যালয়সহ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান, জেলা শিল্পকলা অ্যাকাডেমি, শিশু অ্যাকাডেমি ও অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা ও জেদ্দা হজ অফিসসহ সব ধর্মীয় প্রতিষ্ঠানকে হযরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও কর্ম, ইসলামের শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্বভ্রাতৃত্ব, মানবাধিকার ও নারীর মর্যাদা বিষয়ক আলোচনা সভা, দোয়া মাহফিল, হামদ-নাত, স্বরচিত কবিতা পাঠ, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও কুইজ প্রতিযোগিতার আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে। শিশুদের জন্য হামদ-নাত, আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে বাংলাদেশ শিশু অ্যাকাডেমি। ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে দেশের সব সামরিক ও বেসামরিক হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার, শিশু সদন, আবাসিক শিশু বিকাশ কেন্দ্র ও প্রবীণ নিবাসে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করবে। বিদেশে বাংলাদেশ দূতাবাস ও মিশনগুলোতে যথাযথ মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করা হবে। এ ছাড়া দিবসটি উপলক্ষ্যে শান্তি ও আইন-শৃঙ্খলা রক্ষায় বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## জ্বালানি নিরাপত্তায় বাংলাদেশকে সহায়তার আশ্বাস দিলেন কাতারের প্রধানমন্ত্রী

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশকে সম্ভাব্য সবধরনের সহায়তা দেয়ার আশ্বাস দিয়েছেন কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুল রহমান বিন জসিম আল থানি। বুধবার পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান কাতারের প্রধানমন্ত্রীর সঙ্গে দোহায় তার কার্যালয়ে সাক্ষাৎ গেলে এ আশ্বাস দেন তিনি। সাক্ষাৎকালে খলিলুর রহমান কাতারের নেতাদের বাংলাদেশের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা জানান। তিনি কাতারের সঙ্গে বাংলাদেশের সংহতি প্রকাশ করেন এবং এ অঞ্চলে শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা উন্নয়নে কাতারের গঠনমূলক ও দায়িত্বশীল ভূমিকার প্রশংসা করেন, যা বৃহত্তর অঞ্চল ও এর বাইরেও গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে নির্বাচিত হওয়ায় খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন এবং তার দায়িত্ব সফলভাবে পালনের জন্য কাতারের সমর্থন এবং সহযোগিতা বাড়ানোর প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। দ্বিপক্ষীয় সহযোগিতা নিয়ে আলোচনা করে কাতারের প্রধানমন্ত্রী বাংলাদেশকে একটি ভ্রাতৃপ্রতিম দেশ হিসেবে বর্ণনা করেন এবং আশ্বস্ত করেন যে বর্তমান চ্যালেঞ্জিং পরিস্থিতিতে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে কাতার বাংলাদেশকে সম্ভাব্য সবধরনের সহায়তা দেবে। খলিলুর রহমান কাতারের প্রধানমন্ত্রীকে পারস্পরিক সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। পরে পররাষ্ট্রমন্ত্রী কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ আল-মুরাইখির সঙ্গে সাক্ষাৎ করেন

এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর কাজে সন্তুষ্ট ৬৬.৩ শতাংশ মানুষ

দায়িত্ব নেওয়ার ছয় মাস অতিক্রম করেছে বিএনপি সরকার। সরকারের প্রথম ছয় মাসের কার্যক্রমের ওপর জরিপ চালিয়েছে ডপলার রিসার্চ বাংলাদেশ লিমিটেড নামের একটি প্রতিষ্ঠান। তাদের জরিপে উঠে এসেছে, প্রধানমন্ত্রী তারেক রহমানের কাজে সন্তুষ্ট ৬৬ দশমিক ৩ শতাংশ মানুষ। ইনোভিশন কনসালটিং জরিপে অর্থায়ন ও সহায়তা করেছে। বেসরকারি প্রতিষ্ঠান ইনোভিশন কনসালটিংয়ের অর্থায়ন ও সহায়তায় পরিচালিত এই জরিপের ফলাফল বুধবার প্রকাশ হয়েছে। জরিপে প্রধানমন্ত্রীর প্রতি জোরালো সমর্থন পাওয়া গেলেও সরকারের কাজ এবং দেশ কোন পথে চলছে- এই দুই প্রশ্নে সন্তুষ্টির হার তুলনামূলক কম বলে জানানো হয়েছে। ভবিষ্যৎ বাংলাদেশ নিয়ে মানুষ আশাবাদী, কিন্তু একইসঙ্গে তারা বলছেন, অর্থনৈতিক অবস্থা আগের চেয়ে খারাপ হয়েছে। খাদ্য ও জ্বালানির দাম এবং বিদ্যুৎ পরিস্থিতিকে সবচেয়ে বড় সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন উত্তরদাতারা। জরিপের মাঠপর্যায়ের কাজ পরিচালিত হয়েছে এই আগস্টেই। সরাসরি এক সাক্ষাৎকার নেওয়া প্রাপ্তবয়স্কদের একটি প্যানেলের ওপর জরিপকালে ১০ হাজার ৪১৩টি কল করা হয়। এ সংক্রান্ত `অ্যাপ্রুভাল রেটিং সার্ভে ২০২৬, শীর্ষক প্রতিবেদনে ডপলার রিসার্চ বলছে, সরকারের ১৮০ দিনের কাজ নিয়ে জনমত যাচাইয়ের জরিপে যে চিত্র উঠে এসেছে, তাকে বলা যায় `সতর্ক আশাবাদ,। মানুষ প্রধানমন্ত্রী ও সরকারের কাজে সন্তুষ্ট, কিন্তু দেশ কোন পথে চলছে, তা নিয়ে তারা বিভক্ত। আর দৈনন্দিন জীবনে উন্নতি হয়েছে কি না, সেই প্রশ্নে তারা এখনও সিদ্ধান্তে পৌঁছাতে পারেননি। জরিপে অংশ নেওয়া প্রাপ্তবয়স্কদের ৬৬ দশমিক ৩ শতাংশ বলেছেন, প্রধানমন্ত্রী তার দায়িত্ব ভালোভাবে পালন করছেন। ২১ দশমিক ৬ শতাংশ বলেছেন, তিনি ভালো করছেন না। বাকি ১২ দশমিক ১ শতাংশের কোনো মতামত নেই কিংবা তারা উত্তর দিতে চাননি। এই মূল্যায়ন প্রায় সব ক্ষেত্রেই অভিন্ন। বয়স, লিঙ্গ, শিক্ষা ও আয়- সব শ্রেণিতেই এই হার ৬১ দশমিক ৭ থেকে ৭০ দশমিক ৩ শতাংশের মধ্যে এবং আটটি বিভাগের প্রতিটিতে ৬২ দশমিক ৩ শতাংশ বা তার বেশি। সরকারের কাজে সন্তুষ্টির তুলনায় প্রধানমন্ত্রীর কাজে সন্তুষ্টির হার বেশি। এমনকি অন্য দলের সমর্থকদের মধ্যেও তার গ্রহণযোগ্যতা রয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর সমর্থকদের মধ্যে ৬৫ দশমিক ৫ শতাংশ, জাতীয় নাগরিক পার্টির সমর্থকদের মধ্যে ৬৫ দশমিক ৮ শতাংশ এবং আওয়ামী লীগের সমর্থকদের মধ্যে ৫২ দশমিক ৫ শতাংশ প্রধানমন্ত্রীকে নিয়ে সন্তুষ্ট। সরকারের কাজকে ভালো বলেছেন ৫৪ দশমিক ৫ শতাংশ, খারাপ বলেছেন ৩২ দশমিক ৯ শতাংশ। প্রতিটি দলীয় সমর্থক গোষ্ঠীতেই একই ক্রম দেখা গেছে- প্রধানমন্ত্রীর অবস্থান সরকারের ওপরে, আর সরকারের অবস্থান দেশের গতিপথ নিয়ে মূল্যায়নের ওপরে। জরিপে অংশগ্রহণকারীদের ৪৮ দশমিক ৬ শতাংশ মনে করেন, দেশ সঠিক পথে চলছে, আর ৩৫ দশমিক ৬ শতাংশ মনে করেন, ভুল পথে। ১৫ দশমিক ৮ শতাংশ কোনো উত্তর দেননি, যা জাতীয় পরিস্থিতি সংক্রান্ত যে-কোনো প্রশ্নের মধ্যে সর্বোচ্চ। জরিপের অন্য যে-কোনো প্রশ্নের তুলনায় এই প্রশ্নেই মতভেদ সবচেয়ে বেশি। বিএনপির সমর্থকদের ৬৫ দশমিক ৫ শতাংশ বলেছেন, দেশ সঠিক পথে আছে। আওয়ামী লীগের সমর্থকদের ক্ষেত্রে এই হার সর্বনিম্ন- ৩৪ দশমিক ৪ শতাংশ। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## ২৯ শিক্ষা প্রতিষ্ঠানকে শোকজ

চলতি বছরে এসএসসি ও দাখিল পরীক্ষায় পাশের হার শূন্য থাকা প্রতিষ্ঠানগুলো নিয়ে দেশজুড়ে বেশ সমালোচনা হয়েছে। এরই ধারাবাহিকতায় এবার পাশের হার শূন্য থাকা ২৯ শিক্ষাপ্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। বুধবার বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, এসব প্রতিষ্ঠানের প্রধানদের আগামী ৭ কর্মদিবসের মধ্যে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর দিতে হবে এ বিষয়ে লিখিত বক্তব্য দিতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

## ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে এআই ক্যামেরা চুরির চেষ্টা, গ্রেফতার ১

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে নতুন স্থাপন করা এআই ক্যামেরা চুরির চেষ্টার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতারের পর কারাগারে পাঠানো হয়েছে। মঙ্গলবার গভীররাতে কুমিল্লার দাউদকান্দি উপজেলার রায়পুর এলাকায় ক্যামেরাটি চুরির সময় তাকে আটক করা হয় বলে হাইওয়ে কুমিল্লা অঞ্চলের পুলিশ সুপার মোহাম্মদ শাহিনূর আলম খান জানিয়েছেন। গ্রেফতার ফারুক দাউদকান্দির মালিখিল এলাকার ধানুমিয়ার ছেলে। তাকে নিয়মিত মামলায় কারাগারে পাঠানো হয়েছে বলেছে হাইওয়ে পুলিশ। হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৮.২০২৬ আসাদ)

# BBC

**SACKED UKRAINIAN DEFENCE MINISTER CALLS FOR PRESIDENTIAL ELECTION**

Ukraine's popular ex-defence minister Mykhailo Fedorov has called for wartime elections, in what is widely seen as the biggest challenge to Volodymyr Zelensky's presidency since Russia's full-scale invasion four and a half years ago. "Democracy cannot be held hostage by Russia," said Fedorov, 35, in a video posted to YouTube on Tuesday, adding that Ukraine is fighting "precisely because we want to remain a free European state". Since the war broke out in 2022 Ukraine has been under martial law, meaning elections are suspended. Fedorov, who did not mention Zelensky by name in the video, was unexpectedly fired from his role as defence minister last month, just six months after his appointment. (BBC News Web Page: 19/08/26, FARUK)

**TRUMP PAUSES NEW TARIFFS ON CANADA FOR THREE DAYS, SAYING DEAL CLOSE**

US President Donald Trump said he will delay imposing new tariffs on a wide array of Canadian goods for three days as the countries firm up a trade deal. "I have paused the 50% Tariffs against Canada, that were scheduled to kick in tomorrow morning for a three day period, based on the fact that Canada and the U.S.A, subject to the finalization of documents, have a DEAL!" Trump said in a social media post. The announcement came less than two hours before a 50% levy on nearly $20bn of Canadian imports was set to go in place. The two sides have been at an impasse on several issues, including US tariffs on autos and many Canadian provinces banning American liquor sales. Trump and Canadian Prime Minister Mark Carney spoke twice this week, and trade negotiators have been engaged in intense talks since July, after the US president threatened the new levy with a deadline of 19 August. (BBC News Web Page: 19/08/26, FARUK)

**SOUTH KOREA SHORTENS WAR GAMES WITH US, CITING WASHINGTON REQUEST**

South Korea's annual joint military drills with the US will be cut short by six days at the request of Washington, its defence ministry has announced. Seoul said that the "period and scale" of the 2026 Ulchi Freedom Shield exercise had been adjusted due to a "proposal of the US side". The drill will now conclude on 21 August, rather than 27 August as planned. It comes after Donald Trump announced plans to curtail exercises with South Korea, citing his "very good" relationship with North Korea's Kim Jong Un. South Korean Foreign Minister Cho Hyun told a parliamentary hearing that neither South Korean nor US officials had been aware in advance about Trump's plans. The combined field training exercise component of the drills will also be "partially reduced in scale", Seoul said, noting that the "specific details" of that reduction are still under discussion. (BBC News Web Page: 19/08/26, FARUK)

**APPARENT HUMAN REMAINS FOUND IN US RESERVOIR AS WATER LEVELS HIT RECORD LOW**

Potential human remains, including a jaw with teeth still attached, have been recovered from the largest reservoir in the US, officials said, as an ongoing drought causes water levels to drop across western states. The US National Park Service said it received reports of apparent skeletal remains at Boulder Beach on Lake Mead, Nevada, on 16 August. "National Park Service rangers and the Las Vegas Metropolitan Police Department responded to the scene," the service said in a statement seen by the BBC's US partner CBS. The service added that the incident"remains under investigation, and no additional information is available at this time". A woman and her friend spotted the bones while visiting the Nevada side of the reservoir, which is located on the border with Arizona.
(BBC News Web Page: 19/08/26, FARUK)

**LIBERIA AGREES TO ACCEPT 1,200 FOREIGN DEPORTEES FROM THE US**

Liberia has agreed to accept up to 1,200 foreigners deported from the US over the next year in one of the biggest deals agreed so far by Washington as it continues its clampdown on illegal migration. Such agreements with other countries have often involved people who are legally protected from returning to their own countries, for reasons such as persecution. It is not clear if those coming to Liberia have protection orders. "The government wants to emphasize that those being brought to Liberia are being received as guests," Information Minister Jerolinmek Piah said. An initial group of 20 are due to land on Thursday and would be free to go when they wished or could apply for asylum, he said. None of the deportees

were criminals or facing prosecution in the US or Liberia, Piah said. They were being accepted "in keeping with Liberia's long-standing tradition of being a country that has provided shelter to all those seeking refuge and protection from persecution, wars and other forms of conflict," the minister added, stressing it was a humanitarian arrangement.
(BBC News Web Page: 19/08/26, FARUK)

**US CONDEMNS 'UNNECESSARY ESCALATION' AFTER ISRAELI AIRSTRIKES ON SYRIAN AIRBASE**

The United States has issued a rare rebuke of Israel after reports emerged it struck a Syrian military airbase near the Turkish border, calling the attack an "unnecessary escalation". Eight airstrikes hit the Abu Duhur airport runway and storage facility on Tuesday, according to Syrian state TV, although there were no reports of injuries. Israel, while not commenting on the strikes directly, said Syria "was on the verge of breaching" the security status quo, accusing Damascus of allowing Turkish troops to deploy to the airbase. Syria and Turkey blamed the Israeli military for the attacks that they said threaten to escalate tensions in the region. Tom Barrack , the US ambassador in Turkey, who was also appointed as Donald Trump's special envoy for Syria and Iraq, criticized the attacks in a statement posted on social media. "We are deeply concerned that the confirmed Israeli airstrikes on Abu al-Duhur Airbase constitute an unnecessary escalation that does not advance regional stability," Barrack wrote on X. (BBC News Web Page: 19/08/26, FARUK)

**US CHARGES 17 IRANIANS OVER MASSIVE CYBER THEFT CAMPAIGN**

Seventeen Iranians have been charged for allegedly conducting a years long "co-ordinated campaign" of cyber attacks in an effort to steal data from US organizations. The US Department of Justice (DoJ) said members of the Iran-based Mabna Institute had targeted the computer systems of 144 American universities and 42 private sector firms since at least 2013. The group is alleged to have stolen more than 31 tarabytes of academic data and intellectual property worth approximately $3.4bn over the course of the "massive" campaign, the DoJ said. FBI assistant director in charge James C Barnacle Jr described the co-ordinated cyber attacks as "a serious threat to our national security". Many of the attacks were conducted on behalf of Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC), the DoJ said in a statement, as well as for "other Iranian government and university clients". "Backed by the IRGC, this operation reflects a broader, organized effort to target US institutions and global partners," Barnacle said. (BBC News Web Page: 19/08/26, FARUK)

**HEAD-ON COLLISION BETWEEN BUS AND LORRY IN BRAZIL KILLS MORE THAN 21**

At least 21 people have been killed and another four injured in a head-on collision between a minibus and a lorry in southern Brazil, local officials say. The crash happened at around 04:30 local time on the BR-373 highway in the southern state of Parana. Local media reported that the minibus belonged to the health authorities of the nearby city of Imbituva and was transporting patients and their relatives to health appointments on Ponta Grossa, some 60km away. Authorities have opened an investigation to determine what may have caused the two vehicles to crash into each other. The highway has been closed while forensic experts and members of Brazil's federal highway police examine the site of the crash, which is located at kilometre 209. Deadly road traffic accidents are not uncommon in Brazil. According to a study published by the World Bank, more than 34,000 people died in such accidents in 2023, most of them were motorcyclists.
(BBC News Web Page: 19/08/26, FARUK)

**:: THE END ::**